দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শনিবার ॥ ১০ অক্টোবর ২০২৬ ॥ ২৮ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ২৫ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১২৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তিনি বললেন, 'তোমার কি অঙ্গীকার করছো এবং এই শর্তে আমার ওয়াদা গ্রহণ করে নিয়েছো? তারা বললো, 'আমরা অঙ্গীকার করেছি'। তিনি বললেন, তাহলে এবার সাক্ষী থাকো। আর আমিও তোমাদের সাথে সাক্ষী রইলাম।

সূরা আল ইমরান ৮১

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

মানসিক অসুস্থতা ঘিরে ভয়, লজ্জা ও কুসংস্কার দূর করার আহ্বান

কীর্তনখোলা ডেস্ক

মানসিক অসুস্থতাকে ঘিরে ভয়, লজ্জা, কুসংস্কার ও বৈষম্য দূর করতে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

প্রতিটি স্কুলে উন্নত কম্পিউটার ল্যাব নিশ্চিত করতে হবে: অর্থমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

আধুনিক বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে শিক্ষার্থীদের গতানুগতিক পড়াশোনার পাশাপাশি কম্পিউটার শিক্ষা ২ এর পাতায় দেখুন

দুষ্টু লোকের কোনো রাজনৈতিক পরিচয় হয় না তারা সুবিধাবাদী: ববি হাজ্জাজ

কীর্তনখোলা ডেস্ক

রাজনৈতিক দলের নাম-পরিচয় ব্যবহার করে কেউ অনৈতিক সুবিধা নিতে পারবে না বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা ২ এর পাতায় দেখুন



তুরস্কের সঙ্গে আমাদের শত বছরের ঐতিহ্যগত সম্পর্ক রয়েছে: বিরোধীদলীয় নেতা

কীর্তনখোলা ডেস্ক

বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, বাংলাদেশ-তুরস্ক সম্পর্ক কোনো সাম্প্রতিক বা কেবল কয়েক ২ এর পাতায় দেখুন

ছোটো হতে চলছে বরিশালের মানচিত্র

কীর্তনখোলা রিপোর্ট

বর্ষার শেষে এসেও বরিশালে নদী ভাঙন তীব্র আকার ধারণ করেছে। ভাঙছে রাস্তা-ঘাট, ফসলি জমি, ঘর বাড়িসহ নানা কিছু। নদী তীরের মানুষরা অসহায় হয়ে সরকারের সুদৃষ্টি কামনা করেছেন। পানি উন্নয়ন বোর্ড বলছে, জান-মাল রক্ষায় সাধ্য মত চেষ্টা করা হচ্ছে। এদিকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) উপাচার্য মনে করেন, ভারতের সঙ্গে পানিবন্টন চুক্তি যথাযথ বাস্তবায়ন হলে নদী ভাঙন কমবে। উপকূলীয় এলাকা হবার কারণে বরিশাল অঞ্চল নদ-নদী বেষ্টিত। বরিশাল জেলায় নদীর সংখ্যা ৩৮টি, প্রায় সবগুলো নদীই বড় বড়। বছরজুড়েই কোনো না কোনো নদীতে ভাঙন থাকে, আর বর্ষায় এই ভাঙন তীব্র হয়। এবার বর্ষার শেষ দিকেও ভাঙন অব্যাহত রয়েছে। আড়িয়াল খাঁ নদীর দৈর্ঘ্য ১৫৪ কিলোমিটার, যার ৬৪ কিলোমিটারই বরিশাল জেলায়। বরিশাল অংশের বিভিন্ন স্থান ভাঙনকবলিত। বিশেষ করে গৌরনদীর মিয়ারচর এলাকার নদী তীরের মানুষ এখন দিশেহারা। স্থানীয়দের মধ্যে একজন বলেন, 'ওরা দুই-তিনশত বাড়িঘর নদীতে বিলীন হয়ে গেছে। কিছু মসজিদ গেছে, কিছু মাদ্রাসাও গেছে।' অন্য একজন বলেন, 'এখন স্কুল, কলেজ, মাদ্রাসা এটিও ভাঙ্গার সম্মুখীন হয়ে গেছে। এখানে যদি এখন নদী ভাঙন রোধ না করা হয়, ভবিষ্যতে এই গ্রাম বিলীন হয়ে যাবে।' বিভিন্ন নদীর ভাঙন রোধে চেষ্টা চলছে। আড়িয়াল খাঁ নদীর মিয়ারচর এলাকা রক্ষায় এরইমধ্যে কাজ শুরু হয়েছে বলে ২ এর পাতায় দেখুন

শান্তিতে নোবেল পেলেন গাজাবাসীর পক্ষে লড়াই করা নাভি পিল্লাই

কীর্তনখোলা ডেস্ক

গাজায় ইসরায়েলের কর্মকাণ্ডকে গণহত্যা হিসেবে চিহ্নিত করা জাতিসংঘের তদন্ত কমিশনের নেতৃত্ব দিয়েছিলেন তিনি। এবার আন্তর্জাতিক আইন প্রতিষ্ঠা এবং যুদ্ধাপরাধ, মানবতাবিরোধী অপরাধ ও গণহত্যার বিচারের পক্ষে ভূমিকার স্বীকৃতি হিসেবে ২০২৬ সালের নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন দক্ষিণ আফ্রিকার আইনজ্ঞ নাভানেথেম নাভি পিল্লাই। শুক্রবার (০৯ অক্টোবর) নরওয়ের রাজধানী অসলোতে নোবেল কমিটি তার নাম ঘোষণা করে। ৮৫ বছর বয়সী পিল্লাই জাতিসংঘের সাবেক মানবাধিকারবিষয়ক হাইকমিশনার। অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ডবিষয়ক জাতিসংঘের স্বাধীন আন্তর্জাতিক তদন্ত কমিশনের প্রধান হিসেবে তিনি গত বছর এক প্রতিবেদনে বলেছিলেন, গাজায় ফিলিস্তিনিদের ধ্বংস করার সুনির্দিষ্ট অভিপ্রায়ে ইসরায়েল চার ধরনের গণহত্যামূলক কর্মকাণ্ডের জন্য দায়ী। জাতিসংঘের সাধারণ পরিষদে ওই ২ এর পাতায় দেখুন

বরিশালে মাদকের আসর থেকে আটক এএসআই সাময়িক বরখাস্ত

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক হওয়ার পর পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ন করার অভিযোগে এয়ারপোর্ট থানার সহকারী উপপরিদর্শক (এএসআই) দেলোয়ার হোসেনকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। বরিশাল মেট্রোপলিটন পুলিশের কমিশনার আবু রায়হান মুহাম্মদ সালেহর নির্দেশক্রমে তার বিরুদ্ধে এ বিভাগীয় ব্যবস্থা নেওয়া হয়। বিষয়টি নিশ্চিত করেছেন বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার সুশান্ত সরকার। পুলিশ ও সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার সকালে বরিশালের কড়াপুর ইউনিয়নের মিরাজুল ইসলাম নামে এক ব্যক্তির বসতঘরে অভিযান চালায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা। এ সময় মাদক সেবনের সরঞ্জামসহ চারজনকে আটক করা হয়। আটক ব্যক্তিদের মধ্যে দেলোয়ার হোসেন নিজেকে বরিশাল এয়ারপোর্ট থানার এএসআই হিসেবে পরিচয় দেন। পরে বিষয়টি তাৎক্ষণিকভাবে এয়ারপোর্ট ২ এর পাতায় দেখুন

ইলিশের উৎপাদন ও রপ্তানি বাড়াতে সংরক্ষণ জরুরি: মৎস্য সচিব

একরামুল একরাম

ইলিশের উৎপাদন বৃদ্ধি, নিরাপদ প্রজনন নিশ্চিত ও রপ্তানি সম্প্রসারণের লক্ষ্যে মা ইলিশ সংরক্ষণে বরিশাল বিভাগের ছয় জেলায় সমন্বিত অভিযান পরিচালনা করা হবে। ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত টানা ২২ দিন নদীতে মাছ ধরা সম্পূর্ণ নিষিদ্ধ থাকাকালে জেলা প্রশাসকদের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হবে। অভিযানে নৌ পুলিশ, সাধারণ পুলিশ, কোস্টগার্ড, আনসার ও নৌবাহিনী অংশ নেবে। প্রয়োজনে বিমানবাহিনীর সহযোগিতাও নেওয়া হবে। পাশাপাশি নদীর মোহনায় পলি জমে ভরাট হওয়ার সমস্যা সমাধানে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর সঙ্গে সমন্বিত উদ্যোগ নেওয়া হচ্ছে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মো. দেলোয়ার হোসেন বলেছেন, দেশের মৎস্যসম্পদের অন্যতম মূল্যবান সম্পদ ইলিশের উৎপাদন ও রপ্তানি বাড়াতে হলে মা ইলিশকে নির্বিঘ্নে প্রজননের সুযোগ দিতে হবে। নিষেধাজ্ঞা যথাযথভাবে বাস্তবায়ন করা গেলে ভবিষ্যতে ইলিশের উৎপাদন বৃদ্ধি পাবে, যা দেশের অর্থনীতি ২ এর পাতায় দেখুন

চাঁদাবাজির কারণে সরকারের প্রতি মানুষের তিক্ততা তৈরি হয়েছে
—চরমোনাই পীর

কীর্তনখোলা ডেস্ক

স্থানীয় সরকার নির্বাচনে ধোঁকাবাজ, চাঁদাবাজ ও নৈরাজ্য সৃষ্টিকারীদের বর্জন করে শরিয়াহর পক্ষের শক্তিকে নির্বাচিত করার আহ্বান জানিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম, পীর সাহেব চরমোনাই। শুক্রবার (৯ অক্টোবর) রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে ইসলামী শ্রমিক আন্দোলন বাংলাদেশ আয়োজিত জাতীয় শ্রমিক কাউন্সিল '২৬-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

বরিশাল-ঢাকা মহাসড়কের বেয়াদব গাড়ি

বরিশাল-ঢাকা মহাসড়ক বলতে আমরা বুঝি কুয়াকাটা থেকে ঢাকা পর্যন্ত। এই সড়ক দক্ষিণাঞ্চলের প্রবেশ ও প্রস্থানের একমাত্র মহাসড়ক। এই মহাসড়ক দিয়েই বরিশাল অঞ্চলের ৬ জেলার সকল গাড়ি চলাচল করে। পদ্মা সেতু হওয়ার পর দক্ষিণাঞ্চলে লঞ্চের পরিবর্তে সড়ক পথে চলাচলের গুরুত্ব বেড়ে যায়। এই অঞ্চলে সাগরকন্যা কুয়াকাটা ও পটুয়াখালীর পায়রা সমুদ্রবন্দর অবস্থিত হওয়ায় এর গুরুত্ব আরো বৃদ্ধি পেয়েছে। কিন্তু এই মহাসড়কটির দশা বোধ হয় বাংলাদেশের মধ্যে সবচেয়ে খারাপ। যেমন ভগ্নদশা, তেমনই সরু। তাইতো প্রায়ই এই সড়কে ঘটছে মারাত্মক দুর্ঘটনা, ঝরছে প্রাণ।

তবে এই মারাত্মক দুর্ঘটনা ও প্রাণহানীর অন্যতম কারণ হলো গাড়িগুলোর বেপরোয়া গতি এবং উল্টাপাল্টা ওভারটেকিং। উল্টাপাল্টা চালনায় বর্তমানে এই মহাসড়কে কয়েকটি দূরপাল্লার গাড়িকে মানুষ বেয়াদব গাড়ি হিসেবে আখ্যা দিয়েছে। তার প্রায় সবগুলোই উপকূলীয় এলাকা থেকে আসে। এদের মধ্যে সবচেয়ে বেশি বেয়াদব দশমিনা পরিবহনের গাড়ি ২ এর পাতায় দেখুন

বিসিসি প্রশাসক অ্যাড. বিলকিস জাহান শিরীনের নির্দেশনায় চৌমাথা বাজার সংলগ্ন এলাকায় সড়ক দখল করে গড়ে ওঠা স্থাপনা ও অস্থায়ী দোকানপাট রবিবারের মধ্যে সরিয়ে নেয়ার নির্দেশ দেয়া হয়-**কীর্তনখোলা**

দলিল লেখক সমিতির সভাপতিকে হত্যা করে লাশ ঝুলিয়ে রাখার অভিযোগ

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার লালমোহনে ভাড়া বাসা থেকে চরফ্যাশন দলিল লেখক সমিতির সভাপতি আবদুল্লাহ আল মাহমুদ (৩৮) নামের এক যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে থানা পুলিশ। যদিও পরিবারের দাবি হত্যার পর লাশ ঝুলিয়ে রাখা হয়েছে। বিজ্ঞাপন শুক্রবার (৯ অক্টোবর) ভোর ৬টায় লালমোহন পৌরসভা ৭নম্বর ওয়ার্ড স্থানীয় বাবুল এর মালিকানাধীন তিন তলা ভবনের একটি কক্ষ থেকে তার মরদেহ উদ্ধার করে ভোলা সদর হাসপাতালের মর্গে পাঠিয়েছে লালমোহন থানা পুলিশ। নিহত আবদুল্লাহ আল মাহমুদ চরফ্যাশন দলিল লেখক সমিতির সভাপতি ও পৌরসভা ৮নম্বর ওয়ার্ডের ২ এর পাতায় দেখুন

রাস্তা পার হতে গিয়ে প্রাণ গেল বৃদ্ধ ইমামের

ভোলা প্রতিনিধি

ভোলায় সড়ক পার হওয়ার সময় যাত্রীবাহী সিএনজিচালিত অটোরিকশার ধাক্কায় মাওলানা ইউনুস (৬৫) নামে এক মসজিদের সাবেক ইমামের মৃত্যু হয়েছে। শুক্রবার (৯ অক্টোবর) সকালে ভোলা সদর উপজেলার পূর্ব ইলিশা ইউনিয়নের পাকার মাথা এলাকায় ভোলা-লক্ষ্মীপুর মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহত ইউনুস ভোলা সদর উপজেলার পূর্ব ইলিশা ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের বাঘার হাওলা গ্রামের মজিবুল হক ২ এর পাতায় দেখুন

কনডেম সেলে মিন্নির বন্দিজীবন, দীর্ঘ হচ্ছে আপিল ও ডেথ রেফারেন্সের অপেক্ষা

বরগুনা প্রতিনিধি

বরগুনার বহুল আলোচিত রিফাত শরীফ হত্যা মামলায় বিচারিক আদালতে মৃত্যুদণ্ডাদেশ পাওয়ার পর থেকে বরিশাল কেন্দ্রীয় কারাগারের কনডেম সেলে বন্দিজীবন কাটছে আয়েশা সিদ্দিকা মিন্নির। উচ্চ আদালতে ডেথ রেফারেন্স ও আপিল শুনানির দীর্ঘসূত্রতায় চূড়ান্ত রায় না আসায় ফাঁসির দণ্ড মাথায় নিয়ে অনিশ্চয়তার মধ্যে দিন পার করছেন তিনি। ২০১৯ সালের ২৬ জুন বরগুনা সরকারি কলেজের সামনে প্রকাশ্য দিবালোকে কুপিয়ে হত্যা করা হয় রিফাত শরীফকে। পরবর্তীতে ২০২০ সালের ৩০ সেপ্টেম্বর বরগুনার জেলা ও দায়রা জজ আদালত প্রাপ্তবয়স্ক ১০ আসামির মধ্যে নিহতের স্ত্রী মিন্নিসহ ছয়জনকে মৃত্যুদণ্ড দেন। রায়ের পর ওই বছরের ৪ অক্টোবর মৃত্যুদণ্ড অনুমোদনের জন্য ডেথ রেফারেন্স হাইকোর্টে পৌঁছায়। একই সময়ে দণ্ডাদেশের বিরুদ্ধে মিন্নিসহ অন্যান্য আসামিরা পৃথক আপিল করেন। তবে অসুস্থতাসহ বিভিন্ন যুক্তিতে করা জামিন আবেদনগুলো বর্তমানে শুনানির অপেক্ষায় রয়েছে। আইন বিশেষজ্ঞদের মতে, বিচারিক আদালত থেকে আপিল বিভাগ পর্যন্ত মৃত্যুদণ্ডের মামলার চূড়ান্ত নিষ্পত্তি হতে দীর্ঘ সময় লেগে যায়। ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

ভালো কাজের যুবকদের পাশে চাই: বরিশালের ডিআইজি

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল রেঞ্জ ডিআইজি মো. জুলফিকার আলী হায়দার বলেছেন, ফুটবলের অসাধারণ নৈপুণ্যে আমরা উদ্বেলিত হয়েছি। ফিরে গিয়েছি শৈশবে। এরকম ভালো কাজের পাশে যুবকদের চাই। শুক্রবার বিকেলে বরিশাল সদর উপজেলার চরকাউয়া তোফায়েল আহমদ মাধ্যমিক বিদ্যালয় মাঠে আনসার মোল্লা স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনালের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। রেঞ্জ ডিআইজি জুলফিকার বলেন, দুর্গাপূজা আসছে। এ উৎসবে সম্প্রীতির বন্ধন বজায় রাখতে হবে। তিনি মা ইলিশ সংরক্ষণে ২২ দিনের নিষেধাজ্ঞা সকলকে মেনে ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

আশা-জাগানিয়া উদ্যোগ

শিক্ষকরা সমাজের অভিভাবক। শিক্ষকের হাতেই থাকে দেশ গড়ার চাবিকাঠি। আর আমাদের দেশে সেই শিক্ষকই নানাভাবে বঞ্চনা ও অবহেলার শিকার। দেশের বেশির ভাগ শিক্ষকের নেই প্রত্যাশিত বেতনকাঠামো, যা দিয়ে একজন মানুষ এই সময়ে মানসম্পন্ন জীবন ধারণ করতে পারেন। কোনো কোনো পর্যায়ে এমনও রয়েছে, বছরের পর বছর ধরে শিক্ষকতা করলেও মিলছে না বেতন। সংগত কারণেই দেশের মেধাবীদের কাছে শিক্ষকতা পছন্দের পেশা হিসেবে সামনে আসেনি। এই বিষয়টি বিবেচনায় নিয়ে বর্তমান সরকার গোটা শিক্ষাব্যবস্থাকে ঢেলে সাজানোর উদ্যোগ নিয়েছে। প্রকাশিত খবরে বলা হয়, প্রধানমন্ত্রী তারেক রহমান এমন পরিকল্পনা নিয়ে অগ্রসর হচ্ছেন, যেখানে শিক্ষকতাই হবে মেধাবীদের কাছে প্রথম পছন্দের পেশা। খবরে বলা হয়, বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে গত সোমবার জাতীয় পর্যায়ের 'গুণী শিক্ষকদের' সম্মাননা প্রদান করা হয়। ওই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী অত্যন্ত আশা-জাগানিয়া মন্তব্য করেছেন। তিনি বলেছেন 'শিক্ষকতা কোনোভাবেই 'উপায়হীন বিকল্প' বা সাধারণ চাকরির মতো পেশা হতে পারে না। সবচেয়ে মেধাবীরা যাতে শিক্ষকতাকে প্রথম পছন্দ হিসেবে বেছে নেন সে লক্ষ্যেই সরকার কাজ করছে।' তিনি বলেন, 'শিক্ষকদের সম্মান ও মর্যাদার সঙ্গে রাষ্ট্রের মর্যাদা ও ভাবমূর্তি জড়িত।' এখন কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) যুগ। আধুনিক প্রযুক্তি নানা কর্মকাণ্ডে এনেছে অভাবনীয় গতি। কিন্তু সে তুলনায় আমাদের শিক্ষা খাত এখনো পিছিয়ে। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যম ও কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) দ্রুত বিকাশের সময় কারিগরি ও ব্যাবহারিক শিক্ষার বিকল্প নেই। তিনি আশ্বাস দেন, এ বছরের মধ্যেই শিক্ষার্থীরা নতুন সিলেবাস অনুযায়ী বই পাবে। এ ছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের হাতে এবারই প্রথমবারের মতো 'লার্নিং উইথ হ্যাপিনেস' বই তুলে দেওয়া হচ্ছে। অনেকে প্রযুক্তিকে শিক্ষকের বিকল্প হিসেবে দেখে থাকেন, কিন্তু প্রধানমন্ত্রী মনে করেন, প্রযুক্তি শিক্ষকের বিকল্প নয়, বরং শিক্ষকের শক্তি। এই বিষয়ে গুরুত্ব দিয়ে বর্তমান সরকার 'ওয়ান টিচার, ওয়ান ট্যাব' কর্মসূচি হাতে নিয়েছে। আমরা দেখেছি, বর্তমান সরকার শিক্ষাকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দিয়েছে। দেশের ইতিহাসে এবারই প্রথম জাতীয় বাজেটে শিক্ষা খাতে সর্বোচ্চ বারাদ্দ দেওয়া হয়েছে। তবে পাশাপাশি কিছু তিক্ত বাস্তবতা আমাদের সামনে আসে। দেশে নন-এমপিও শিক্ষক-কর্মচারীরা মানবেতর জীবন যাপন করছেন। অনেক শিক্ষক ২০ বছর ধরে চাকরি করেও বেতন পান না। দেশে নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা প্রায় সাড়ে তিন হাজার। জানা গেছে, গত ১৬ বছরে নীতিমালাকে পাশ কাটিয়ে নানা সময় রাজনৈতিক বিবেচনায় এমপিও অনুমোদন দেওয়া হয়েছে। বিএনপি সরকারের সময় প্রতিষ্ঠিত বহু প্রতিষ্ঠান পরবর্তী সময়ে রাজনৈতিক বৈষম্যের কারণে এমপিও থেকে বঞ্চিত হয়েছে। এই টানাপোড়েনের সুরাহা হওয়া অনিবার্য। এ ছাড়া শিক্ষকদের বেতন ও অবসর ভাতা পেতেও বছরের পর বছর অপেক্ষা করতে হয়। এ বিষয়ে প্রধানমন্ত্রী শিক্ষকদের প্রাপ্য অর্থ যথানিয়মে যথাসময়ে ব্যাংকের মাধ্যমে পৌঁছে দেওয়ার নির্দেশ দিয়েছেন। আশা করি, প্রধানমন্ত্রীর এই নির্দেশ যথাযথ বাস্তবায়ন হবে।

বরিশালে মাদকের আসর থেকে

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সংশ্লিষ্ট পরিদর্শক। এএসআই দেলোয়ার হোসেনের কাছে মাদক না পাওয়ায় পরবর্তীতে এয়ারপোর্ট থানা পুলিশের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছালে আটক দেলোয়ার হোসেনকে তাদের কাছে হস্তান্তর করা হয়। এ বিষয়ে বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার সুশান্ত সরকার জানান, এএসআই দেলোয়ার হোসেন ৩০ সেপ্টেম্বর ২০২৬ থেকে ১৫ দিনের আরআরএল ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেছিলেন। তবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক হওয়ার বিষয়টি জানার পরপরই তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। সুশান্ত সরকার আরও জানান, বরিশাল মেট্রোপলিটন পুলিশ মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি অনুসরণ করছে।

তুরস্কের সঙ্গে আমাদের শত বছরের

দশকের বিষয় নয়। তুরস্কের জনগণের সঙ্গে আমাদের রয়েছে শত বছরের ঐতিহ্যগত সম্পর্ক। এই সম্পর্ক আগামীতে আরও সামনের দিকে এগিয়ে যাবে। শুক্রবার (৯ অক্টোবর) তুরস্কের ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত 'সেকেন্ড ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বাংলাদেশ স্টাডিজ'-এ প্রধান অতিথি হিসেবে বক্তব্যে তিনি এসব কথা বলেন। সম্মেলনে বাংলাদেশ, তুরস্কসহ বিভিন্ন দেশের বিশিষ্ট শিক্ষাবিদ, নীতিনির্ধারক, কূটনীতিক, গবেষক এবং বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। এতে বাংলাদেশের চলমান সংস্কার প্রক্রিয়া, ভবিষ্যৎ রাষ্ট্রগঠন এবং তুরস্ক ও বাংলাদেশের মধ্যে দ্বিপক্ষীয় সহযোগিতার সম্ভাবনাসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। ডা. শফিকুর রহমান বলেন, আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশ বিষয়ক গবেষণা, নীতিনির্ধারণী সংলাপ এবং পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়ের ক্ষেত্রে এ ধরনের সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি বলেন, বাংলাদেশ-তুরস্ক সম্পর্ক কোনো সাম্প্রতিক বা কেবল কয়েক দশকের বিষয় নয়; তুরস্কের জনগণের সঙ্গে আমাদের রয়েছে শত বছরের ঐতিহ্যগত সম্পর্ক। এবং এই সম্পর্ক আগামীতে আরও সামনের দিকে এগিয়ে যাবে, ইনশাআল্লাহ। সম্মেলনে মূল প্রবন্ধভিত্তিক বক্তব্য (কী-নোট) উপস্থাপন করেন তুরস্কের প্রেসিডেন্টের সাবেক উপদেষ্টা ও ইলদিরিম বেয়াজিত বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ইয়াসিন আকতাই এবং যুক্তরাজ্যের সোয়ানসি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোকাররম হোসাইন। উদ্বোধনী বক্তব্য দেন ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ের ভাইস রেক্টর অধ্যাপক ড. মেহমেদ আদাক। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন তুরস্কের পার্লামেন্টের বাংলাদেশ ফ্রেন্ডশিপ গ্রুপের চেয়ারম্যান আকিফ ইলমাজ এমপি, তুরস্কের পার্লামেন্ট সদস্য মোস্তফা কায়া এমপি, বাংলাদেশের জাতীয় সংসদ সদস্য ব্যারিস্টার মাহবুবুল আলম সালেহী এমপি, ইবনে খালদুন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ইরফান আহমেদ, বিশিষ্ট চিকিৎসক ড. এস. এম. খালেদুজ্জামান, তুরস্কের নিউ ওয়ার্ল্ড ফাউন্ডেশনের চেয়ারম্যান ও সাবেক সংসদ সদস্য মাহমুদ গকসু, ইয়ুথ ওয়েবের চেয়ারম্যান নুরুল ইসলাম সাদ্দাম এবং তুরস্কের আনাতোলিয়ান ইয়ুথ অ্যাসোসিয়েশনের পররাষ্ট্রবিষয়ক বিভাগের প্রধান এমরুল্লাহ ডেমির প্রমুখ। স্বাগত বক্তব্য দেন সেন্টার ফর পলিসি অ্যান্ড সোশ্যাল রিসার্চের (সিপিএসআর) চেয়ারম্যান ড. হাফিজুর রহমান। সমাপনী বক্তব্য দেন ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. উসমান আকগুল। সম্মেলনটি যৌথভাবে সঞ্চালনা করেন সিপিএসআরের নির্বাহী পরিচালক ড. এএসএম মাহমুদুল হাসান ও মো. মহিব্বুল্লাহ। সম্মেলনে বিভিন্ন দেশের শিক্ষাবিদ, গবেষক, নীতিনির্ধারক ও কূটনীতিকদের অংশগ্রহণ বাংলাদেশবিষয়ক আন্তর্জাতিক আলোচনা সম্প্রসারণ এবং তুরস্কবাংলাদেশ সম্পর্কের নতুন সম্ভাবনা অন্বেষণের একটি গুরুত্বপূর্ণ সুযোগ সৃষ্টি করেছে।

দুষ্টু লোকের কোনো রাজনৈতিক

প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। তিনি বলেন, যারা দুষ্টু লোক, তাদের আসলে কোনো রাজনৈতিক পরিচয় নেই। তারা সুবিধাবাদী। শুক্রবার (৯ অক্টোবর) রাজধানীর কারওয়ান বাজারে এফডিসিতে ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত 'মাদকদ্রব্য নিয়ন্ত্রণে রাজনৈতিক সদিচ্ছা ও সামাজিক আন্দোলন' শীর্ষক ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। প্রতিযোগিতায় সরকারিদল হিসেবে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় এবং বিরোধীদল হিসেবে হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজের বিতার্কিকরা অংশ নেন। অনুষ্ঠান শেষে মাদক কারবারিদের সঙ্গে সরকারি দলের সংশ্লিষ্টতা আছে কি না, এমন প্রশ্নের জবাবে ববি হাজ্জাজ বলেন, রাজনৈতিক দল ও সরকার দুটি ভিন্ন বিষয়। যদিও গণতান্ত্রিক সরকারব্যবস্থায় রাজনৈতিক দলের ব্যক্তিরাই সরকার পরিচালনার দায়িত্বে থাকেন, তবে রাজনৈতিক দল ও সরকার আলাদা। রাজনৈতিক দলে যে কেউ অন্তর্ভুক্ত হতে পারেন। আইনগতভাবেও কাউকে রাজনৈতিক দলে সম্পৃক্ত হওয়া থেকে বাধা দেওয়া যায় না। নির্বাচন কমিশনের আইন, গণপ্রতিনিধিত্ব আদেশের (আরপিও) অধীনেও কাউকে রাজনৈতিক দলে সম্পৃক্ত হওয়া থেকে রোধ করা যায় না। তিনি বলেন, 'যারা অপরাধী, অর্থাৎ অপরাধের সঙ্গে জড়িত-যারা দুষ্টু লোক, তাদের আসলে কোনো রাজনৈতিক পরিচয় হয় না। তারা সুবিধাবাদী। তারা যেখানে গিয়ে মনে করে, সেখানে এ ধরনের কাজ বেশি করতে পারবে, তারা সেখানেই যায়।' প্রতিমন্ত্রী বলেন, 'আমাদের সরকারের একটা প্রচেষ্টা আছে। আমি বলব না, সবকিছু একদম নিখুঁতভাবে হচ্ছে বা সব জায়গায় সবকিছু ঠিক আছে। তবে প্রধানমন্ত্রী থেকে শুরু করে মন্ত্রিসভা এবং সংসদ সদস্যদেরও এ বিষয়ে প্রচেষ্টা রয়েছে। রাজনৈতিক নাম বা পরিচয় ব্যবহার করে কেউ যেন এ ধরনের অনৈতিক সুবিধা নিতে না পারে, সেটি নিশ্চিত করাই আমাদের লক্ষ্য।' সরকার কঠোর অবস্থানের কথা বললেও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মাদক কারবার নিয়ন্ত্রণ করতে পারছে না। এ ক্ষেত্রে পুলিশ বা মাঠ প্রশাসনের ওপর সরকারের কোনো রাজনৈতিক হস্তক্ষেপ আছে কি না, জানতে চাইলে ববি হাজ্জাজ বলেন, "সরকারের কোনো রাজনৈতিক হস্তক্ষেপ নেই। আমি স্পষ্টভাবে আপনাদের বলতে পারি, সরকারের কোনো রাজনৈতিক হস্তক্ষেপ নেই। তবে সরকারের পরিধি অনেক বড়। সরকারের ভেতরে অনেক ব্যক্তি রয়েছেন। সবাই যে ঠিক একই চিন্তা-চেতনা নিয়ে একইভাবে কাজ করছেন, সেই নিশ্চয়তা আমি দিতে পারব না। 'যতক্ষণ পর্যন্ত কারও বিরুদ্ধে কোনো অভিযোগ প্রমাণিত না হয়, ততক্ষণ পর্যন্ত সরকার তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে পারবে না। সে জায়গা থেকে সরকারের সঙ্গে সম্পৃক্ত দু-একজন অনৈতিক সুবিধা নেওয়ার চেষ্টা করতে পারেন, এমনটা হতেই পারে। কিন্তু যতক্ষণ পর্যন্ত আমাদের হাতে বাস্তব প্রমাণ না আসছে, ততক্ষণ পর্যন্ত এ বিষয়ে কোনো আলোচনা করতে পারছি না।'

প্রতিটি স্কুলে উন্নত কম্পিউটার

ডিজিটাল লার্নিং ও কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) সম্পর্কে জ্ঞান অর্জন করতে হবে বলে মন্তব্য করেছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেছেন, বর্তমান বিশ্বে কম্পিউটার ল্যাব ছাড়া কোনো স্কুল চলতে পারে না। তাই প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে উন্নত কম্পিউটার ল্যাব ও আধুনিক সুযোগ-সুবিধা নিশ্চিত করতে হবে। শুক্রবার (৯ অক্টোবর) দুপুরে চট্টগ্রাম কলেজিয়েট স্কুল অ্যান্ড কলেজে কৃতী শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। তিনি এই প্রতিষ্ঠানেরই সাবেক শিক্ষার্থী। আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, সময়ের সঙ্গে শিক্ষাব্যবস্থা ও পড়াশোনার ধরন বদলে গেছে। এখন কম্পিউটারের মাধ্যমে বিশ্বের সেরা লাইব্রেরিগুলোর সঙ্গে যুক্ত হওয়া সম্ভব। কিন্তু অনেক শিক্ষাপ্রতিষ্ঠানে এখনো পর্যাপ্ত কম্পিউটার ল্যাব নেই। শিক্ষার্থীদের আধুনিক জ্ঞান ও প্রযুক্তির সঙ্গে পরিচিত করতে এ ঘাটতি দূর করা জরুরি। নিজের সাবেক শিক্ষাপ্রতিষ্ঠানে দ্রুত একটি উন্নত কম্পিউটার ল্যাব স্থাপনের কথাও জানান তিনি। শিক্ষার্থীদের সৃজনশীলতা ও উদ্ভাবনী চিন্তার ওপর গুরুত্ব দিয়ে অর্থমন্ত্রী বলেন, সরকার উদ্ভাবনের ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছে। শুধু বিজ্ঞান নয়, অর্থনীতিসহ বিভিন্ন বিষয়েও শিক্ষার্থীদের উদ্ভাবনী মানসিকতা গড়ে তুলতে হবে। নতুন প্রজন্মের চাহিদা ও প্রত্যাশা বিবেচনায় নিয়ে তাদের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করা জরুরি। প্রধানমন্ত্রীও নতুন প্রজন্মের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছেন এবং তাদের সুবিধা-অসুবিধা বিবেচনায় বিভিন্ন পদক্ষেপ নিচ্ছেন বলে উল্লেখ করেন তিনি। পড়াশোনার পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে শিক্ষার্থীদের অংশগ্রহণ বাড়ানোর ওপরও জোর দেন মন্ত্রী। তিনি বলেন, ক্রিকেট, ফুটবল, সাঁতার ও ব্যাডমিন্টনের পাশাপাশি শুটিং ও আর্চারির মতো খেলায়ও শিক্ষার্থীদের সম্পৃক্ত করতে হবে। বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় নারী শিক্ষার্থীরাও ভালো করছে। স্কুল পর্যায় থেকেই শিক্ষার্থীদের খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চার সুযোগ তৈরি করা প্রয়োজন। অনুষ্ঠানে কলেজিয়েট স্কুল অ্যান্ড কলেজের অবকাঠামোগত বিভিন্ন সমস্যার কথা তুলে ধরে সেগুলো দ্রুত সমাধানের আশাবাদ ব্যক্ত করেন আমির খসরু মাহমুদ চৌধুরী। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার কথাও জানান তিনি। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক উপপরিচালক মুহাম্মদ ফরিদুল আলম হোসাইনী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মুহাম্মদ তজল্লী আজাদ। এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রামের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবদুল্লাহ আল মামুন চৌধুরী। অনুষ্ঠানে ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ কৃতী শিক্ষার্থী এবং ২০২৫ সালে জুনিয়র ও প্রাথমিক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়।

মানসিক অসুস্থতা ঘিরে

প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, মানসিক সমস্যার কারণে কাউকে অবহেলা বা বিচ্ছিন্ন না করে তাঁর কথা শুনতে হবে, পাশে দাঁড়াতে হবে এবং প্রয়োজনীয় সহায়তার পথ সহজ করতে হবে। বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস ২০২৬ উপলক্ষে শুক্রবার দেওয়া এক বাণীতে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। আগামীকাল ১০ অক্টোবর দিবসটি পালিত হবে। প্রধানমন্ত্রী বলেন, দৃশ্যত স্বাস্থ্যবান বা নীরোগ থাকাটাই স্বাস্থ্য নয়। বরং শারীরিক, মানসিক, আত্মিক ও সামাজিকভাবে ভালো থাকার নামই স্বাস্থ্য। তাই কোনোভাবেই মানসিক স্বাস্থ্যকে উপেক্ষা করার সুযোগ নেই। তারেক রহমান বলেন, মানসিক স্বাস্থ্য কেবল চিকিৎসার বিষয় নয়, এটি মানুষের মর্যাদা, পরিবার, সমাজ ও রাষ্ট্রের সামগ্রিক কল্যাণের সঙ্গে গভীরভাবে সম্পৃক্ত। তাই মানসিক অসুস্থতাকে ঘিরে ভয়, লজ্জা, কুসংস্কার ও বৈষম্য দূর করতে সম্মিলিতভাবে কাজ করতে হবে। এবারের বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবসের প্রতিপাদ্য 'জীবন-অভিজ্ঞতা হোক শ্রুত: বাস্তব কণ্ঠস্বর, বাস্তব পরিবর্তন'। এতে মানসিক স্বাস্থ্যসেবায় মানুষের নিজস্ব অভিজ্ঞতা, অনুভূতি ও মতামতকে গুরুত্ব দেওয়ার প্রয়োজনীয়তার ওপর বিশেষভাবে জোর দেওয়া হয়েছে। বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে বাংলাদেশেও দিবসটি যথাযথ গুরুত্বের সঙ্গে পালিত হবে বলে জানান প্রধানমন্ত্রী। তারেক রহমান বলেন, বর্তমান সরকার এমন একটি স্বাস্থ্যব্যবস্থা গড়ে তুলতে চায়, যেখানে শারীরিক সুস্থতার পাশাপাশি মানুষের মানসিক প্রশান্তি, সামাজিক নিরাপত্তা ও জীবনমানের উন্নয়নও সমান গুরুত্ব পাবে। এ লক্ষ্য সামনে রেখে মানসিক স্বাস্থ্যসেবাকে মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে উপজেলা ও প্রাথমিক স্বাস্থ্যসেবা পর্যায়ে সেবার পরিধি বাড়ানো, দক্ষ জনবল তৈরি, কার্যকর রেফারেল ব্যবস্থা এবং প্রযুক্তিনির্ভর কাউন্সেলিং সেবা সম্প্রসারণে সরকার কাজ করছে। প্রধানমন্ত্রী বলেন, বিশ্বজুড়ে মানসিক স্বাস্থ্য বর্তমানে একটি গুরুত্বপূর্ণ জনস্বাস্থ্য চ্যালেঞ্জ। বাংলাদেশে বিপুলসংখ্যক মানুষ মানসিক স্বাস্থ্যজনিত সমস্যায় ভুগলেও সামাজিক সংকোচ, সচেতনতার অভাব, সেবার সীমিত সুযোগ ও প্রয়োজনীয় জনবলের ঘাটতির কারণে অনেকে যথাযথ চিকিৎসা ও সহায়তা থেকে বঞ্চিত হন। এ পরিস্থিতি মোকাবিলায় মানসিক স্বাস্থ্যসেবার সহজলভ্যতা, গুণগত মান ও সক্ষমতা বাড়াতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে।

ভালো কাজের যুবকদের পাশে

চলার প্রতি আহ্বান জানান। টুর্নামেন্টের বিশেষ অতিথি বিএম কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কাজী জাবের আহমেদ বলেন, আমার শৈশবের মাঠ এভাবেই ফিরে আসুক। খেলাধুলায় ফিরে আসুক যুবশ্রেণি। বীর মুক্তিযোদ্ধা আ. সোবাহান তালুকদারের সভাপতিত্বে সভায় আরও উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছা. ফরিদা সুলতানা, টুর্নামেন্টের আয়োজক মামুন খন্দকার ও স্বজল তালুকদারসহ অনেকে। টুর্নামেন্টে সিআর সেভেন ৩-১ গোলে বন্ধুমহল একাদশকে হারিয়ে বিজয় লাভ করে। পরে অতিথিরা বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

রাস্তা পার হতে গিয়ে

হাওলাদারের ছেলে। তিনি স্থানীয় একটি মসজিদের সাবেক ইমাম ছিলেন। স্থানীয়রা জানান, সকালে ইউনুস পাকার মাথা এলাকায় মহাসড়ক পার হচ্ছিলেন। এ সময় দ্রুতগতির একটি যাত্রীবাহী সিএনজিচালিত অটোরিকশা তাকে ধাক্কা দেয়। এতে তিনি গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে ভোলা ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। ইলিশা পুলিশ তদন্ত কেন্দ্রের উপপরিদর্শক (এসআই) মো. জহিরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে সিএনজিচালিত অটোরিকশাটি জব্দ করেছে। চালককে আটকের চেষ্টা চলছে।

কনডেম সেলে মিন্নির বন্দিজীবন, দীর্ঘ হচ্ছে

আপিল নিষ্পত্তির আগে কাউকে চূড়ান্ত অপরাধী হিসেবে গণ্য না করে বছরের পর বছর কনডেম সেলে রাখার বিষয়টি নিয়ে বিভিন্ন সময় অধিকারকর্মীরা উদ্বেগ প্রকাশ করেছেন। অ্যাটর্নি জেনারেল কার্যালয় সূত্রে জানা গেছে, উচ্চ আদালতে বিপুলসংখ্যক ডেথ রেফারেন্স শুনানির অপেক্ষায় থাকায় ধারাবাহিকতা রক্ষা করে পেছনের বছরের মামলাগুলোর শুনানি সম্পন্ন করা হচ্ছে। সেই ধারাবাহিকতায় ২০২০ সালের এই মামলার নথি যাচাই করে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। মিন্নির আইনজীবীদের দাবি, মূল ঘটনায় সাক্ষীদের বক্তব্যে অসংগতি ছিল এবং শারীরিক অসুস্থতার কারণে তাঁর জামিনের আবেদন করা হলেও তা দীর্ঘদিন ধরে শুনানির অপেক্ষায় ঝুলে রয়েছে। মিন্নির পরিবারের পক্ষ থেকেও ষড়যন্ত্রের মাধ্যমে তাঁকে ফাঁসানোর অভিযোগ তুলে মানবিক কারণে তাঁর জামিন প্রার্থনা করা হয়েছে। কারা সূত্রে জানা যায়, বরিশাল কারাগারের কনডেম সেলে একমাত্র নারী বন্দি হিসেবে রয়েছেন মিন্নি। কারাবিধি অনুযায়ী নির্ধারিত নির্জন কক্ষে বন্দি থাকলেও স্বজনদের সঙ্গে মাসে একবার সাক্ষাৎ এবং সপ্তাহে ফোনে কথা বলার অনুমতি পান তিনি। অধিকাংশ সময় ইবাদত-বন্দেগি ও নামাজ আদায় করেই তিনি সময় কাটাচ্ছেন।

ইলিশের উৎপাদন ও রপ্তানি বাড়াতে

ও মৎস্য খাতকে আরও সমৃদ্ধ করবে। শুক্রবার (৯ অক্টোবর) সকালে বরিশাল নগরীর ফিসারি রোডের কাশীপুরে মৎস্য বীজ উৎপাদন খামার কার্যালয়ের মিলনায়তনে 'মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬' উপলক্ষে আয়োজিত মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এসব কথা বলেন। পরে কীর্তনখোলা নদীতে মা ইলিশ সংরক্ষণ অভিযান শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একই বিষয়ে গুরুত্বারোপ করেন। মৎস্যসচিব বলেন, বরিশাল অঞ্চল ইলিশের জন্য গুরুত্বপূর্ণ। এ অঞ্চলে মা ইলিশ সংরক্ষণে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। একটি মা ইলিশ এক লাখেরও বেশি ডিম দিতে পারে। এসব ডিমের একটি অংশও বড় হওয়ার সুযোগ পেলে ভবিষ্যতে ইলিশের উৎপাদন উল্লেখযোগ্যভাবে বাড়তে পারে। তাই জেলে, মৎস্য ব্যবসায়ীসহ মৎস্য খাতের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে নিষেধাজ্ঞা মেনে চলতে হবে। মা ইলিশ সংরক্ষণে জনসচেতনতা সৃষ্টি এবং সরকারি নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্ট দপ্তরগুলো সমন্বিতভাবে কাজ করছে। তিনি আরও বলেন, নিষেধাজ্ঞা অমান্য করে কেউ মাছ ধরলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। জেলা প্রশাসকদের নেতৃত্বে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সংশ্লিষ্ট দপ্তরগুলোর সম্মিলিত প্রচেষ্টায় অভিযান সফল হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। নদীর মোহনা ও সাগরসংলগ্ন এলাকায় পলি জমে ভরাট হওয়ার বিষয়টি তুলে ধরে মো. দেলোয়ার হোসেন বলেন, মোহনায় পলি জমার সমস্যা আলোচনায় এসেছে। এ বিষয়ে ইতোমধ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ে চিঠি দেওয়া হয়েছে। বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করে নৌপরিবহন ও পানিসম্পদ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট দপ্তরগুলোর সঙ্গে যোগাযোগের মাধ্যমে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে। নিষেধাজ্ঞাকালে জেলেদের সরকারি সহায়তার বিষয়ে মৎস্যসচিব বলেন, জেলেদের জন্য বরাদ্দ করা ২৫ কেজি চাল প্যাকেট আকারে বিতরণ করা হচ্ছে। বরাদ্দের চাল কম দেওয়া হচ্ছে না এবং এ ক্ষেত্রে কোনো গাফিলতি রয়েছে বলেও তাঁরা বিশ্বাস করেন না বলে জানান তিনি। এদিকে, বরিশালের জেলা প্রশাসক মো. মামুন খন্দকার নিষেধাজ্ঞার ২২ দিন নদীতে মাছ ধরা থেকে বিরত থাকতে জেলেদের প্রতি আহ্বান জানিয়েছেন। একই সঙ্গে নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়ার কথা জানান তিনি। মা ইলিশ রক্ষায় প্রশাসনের নজরদারি ও অভিযান অব্যাহত থাকবে বলেও সংশ্লিষ্টরা জানিয়েছেন। বরিশাল বিভাগীয় মৎস্য অধিদপ্তরের আয়োজনে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক ড. মো. খালেদ কনক। প্রধান অতিথি ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মো. দেলোয়ার হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশালের জেলা প্রশাসক মো. মামুন খন্দকার, বরিশাল বিভাগীয় মৎস্য অধিদপ্তরের পরিচালক মো. কামরুল হাসান এবং বরিশাল অঞ্চলের নৌ পুলিশ সুপার এস এম নাজমুল হক। এ ছাড়া বিভিন্ন এলাকার জেলে প্রতিনিধি ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা সভায় অংশ নেন। সংশ্লিষ্টদের প্রত্যাশা, ২২ দিনের নিষেধাজ্ঞা যথাযথভাবে বাস্তবায়ন এবং মা ইলিশ সংরক্ষণে সমন্বিত উদ্যোগের মাধ্যমে ইলিশের প্রজনন ও উৎপাদন বাড়বে। এর ফলে দেশের মৎস্যসম্পদ সংরক্ষণের পাশাপাশি অর্থনীতি ও রপ্তানি খাতও উপকৃত হবে।

বরিশাল-ঢাকা মহাসড়কের

তারপর বাউফল, লাবিবা পরিবহনের আহনাফ, শাহ পরান, মিজান পরিবহন ও হানিফ পরিবহন এখন আগেরকার সাকুরা পরিবহনকেও ছাড়িয়ে গেছে। এই রাস্তায় চলাচল করে দেখা গেছে স্বল্প পাল্লার তিনচাকার গাড়ির মধ্যে টমটম ও মাহিন্দ্রা বেয়াদবির সকল সীমা ছাড়িয়ে গেছে। তারা যথেচ্ছা রাস্তার মাঝখান দিয়ে গাড়ি চালায়। যার জন্য সব সময় জীবনের ঝুঁকি নিয়ে এই মহা সড়কে চলাচল করতে হয়। **নাহিদুল ইসলাম শরীফ, বিক্রয় প্রতিনিধি**

দলিল লেখক সমিতির সভাপতিকে হত্যা

বাসিন্দা জয়নাল আবেদিন এর ছেলে। নিহতের বাবা জয়নাল আবেদিন জানান, আবদুল্লাহ আল মাহমুদ দলিল লেখক সমিতির সভাপতি থাকার সুবাদে লালমোহন পৌরসভার বাসিন্দা তৎকালীন চরফ্যাশন সাব-রেজিস্ট্রার অফিসের অফিস সহকারী নাহিদা পারভীন এর সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। তার আগের সংসারে দুই মেয়ে থাকা সত্ত্বেও স্ত্রীকে তালাক দেন মাহমুদ। একই সঙ্গে নাহিদা পারভীনেরও একটি সন্তান রেখে তার আগের স্বামীকে তালাক দেন। পরে ২০২৩ সালে দু'জনেই দ্বিতীয় বিবাহ বন্ধনে আবদ্ধ হন। এরপর থেকে নাহিদা পারভিন ও মাহমুদ লালমোহন পৌরসভায় একটি ভাড়া বাসায় থাকতেন। মাহমুদকে পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ করতে দিতো না বলেও অভিযোগ করেন তিনি। প্রায় তিন বছর ধরে সেখানে বসবাস করছেন। একটি পুত্র সন্তান রয়েছে নাহিদা-মাহমুদ দম্পতির। শুক্রবার সকালে হঠাৎ পুত্র বধু নাহিদা মুঠোফোনে ছেলের মৃত্যুর খবর জানায়। তিনি বলেন, আমার ছেলে আত্মহত্যা করতে পারে না। তাকে পরিকল্পিতভাবে হত্যা করে তার লাশ ঝুলিয়ে রেখে এখন নাটক করছে ওরা। এদিকে নিহতের স্ত্রী নাহিদা পারভীন এর ভাড়া বাসায় গিয়ে বেশ কয়েকজনের দেখা মিললোও তাকে পাওয়া যায়নি এবং মুঠোফোন বন্ধ থাকায় তার বক্তব্য জানা যায়নি। নাহিদা পারভিন বর্তমানে তজুমদ্দিন সাব-রেজিস্টার অফিসে অফিস সহকারী পদে কর্মরত আছেন। লালমোহন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ নজরুল ইসলাম মজুমদার জানান, ভোর ৬টার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ভোলা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট প্রকাশ হলে মৃত্যুর আসল কারন জানা যাবে।

শান্তিতে নোবেল পেলেন গাজাবাসীর

প্রতিবেদন উপস্থাপনের সময় পিল্লাই বলেছিলেন, গাজায় ফিলিস্তিনিদের একটি গোষ্ঠী হিসেবে ধ্বংস করার সুনির্দিষ্ট উদ্দেশ্য নিয়ে ইসরায়েল এসব কর্মকাণ্ড চালিয়েছে। তার অভিযোগ, ইসরায়েলের প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী ও সাবেক প্রতিরক্ষামন্ত্রীও গণহত্যায় উসকানি দিয়েছেন। যদিও গাজায় গণহত্যার বিষয়ে পিল্লাইয়ের নেতৃত্বাধীন কমিশনের প্রতিবেদন ও অভিযোগের ভিত্তিতে নোবেল শান্তি পুরস্কার দেওয়া হয়েছে এমন কথা কমিটি বলেনি। নোবেল কমিটি তার দীর্ঘদিনের কাজের স্বীকৃতি হিসেবে আন্তর্জাতিক আইন এবং যুদ্ধাপরাধ, মানবতাবিরোধী অপরাধ ও গণহত্যার বিচারের পক্ষে ভূমিকার কথা উল্লেখ করেছে। দক্ষিণ আফ্রিকার ভারতীয় তামিল বংশোদ্ভূত পিল্লাই ১৯৬৭ সালে তৎকালীন নাটাল প্রদেশে আইন পেশা শুরু করেন। ওই অঞ্চলে আইনজীবী হিসেবে কাজ শুরু করা প্রথম নারী ছিলেন তিনি। বর্ণবৈষম্যবিরোধী আন্দোলনের নেতা নেলসন ম্যান্ডেলা এবং অন্য আন্দোলনকর্মীদের পক্ষে আইনজীবী হিসেবেও কাজ করেছেন তিনি। পরে দক্ষিণ আফ্রিকার হাইকোর্টে প্রথম কৃষ্ণাঙ্গ নারী বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তী সময়ে রুয়ান্ডার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, আন্তর্জাতিক অপরাধ আদালত এবং জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন পিল্লাই। নোবেল কমিটি বিশেষভাবে উল্লেখ করেছে, রুয়ান্ডার ট্রাইব্যুনালে তার ভূমিকা ধর্ষণ ও যৌন সহিংসতাকে মানবতাবিরোধী অপরাধ এবং গণহত্যার অংশ হিসেবে বিবেচনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ছিল। বর্তমানে তিনি আন্তর্জাতিক বিচার আদালতে মিয়ানমারের বিরুদ্ধে রোহিঙ্গাদের ওপর গণহত্যার অভিযোগসংক্রান্ত মামলায় বিচারকের দায়িত্ব পালন করছেন। নোবেল কমিটি বলেছে, দীর্ঘদিন ধরে আন্তর্জাতিক আইন প্রতিষ্ঠা এবং গুরুতর আন্তর্জাতিক অপরাধের বিচারের পক্ষে কাজ করেছেন পিল্লাই। বিশ্ব যখন দীর্ঘ সময়ের মধ্যে সবচেয়ে বেশি যুদ্ধ ও সংঘাতের মুখোমুখি, তখন শান্তি ও নিরাপত্তা রক্ষায় আন্তর্জাতিক আইন আর অতিরিক্ত কোনো বিষয় নয়, বরং অপরিহার্য। নোবেল কমিটির চেয়ারম্যান ইয়র্গেন ওয়াটনে ফ্রিডনেস বলেন, আন্তর্জাতিক আইনের ব্যবস্থা ব্যাপক চাপের মুখে রয়েছে এবং এর প্রতিষ্ঠানগুলোও আক্রমণের শিকার। তার মতে, বিশৃঙ্খলা ও শৃঙ্খলার মধ্যকার সূক্ষ্ম সীমারেখা রক্ষা করেন বিচারকেরা। পুরস্কার ঘোষণার পর প্রতিক্রিয়ায় পিল্লাই বলেন, প্রথমে তার মনে হয়েছিল খবরটি হয়তো নিছক মজা। আইনজীবী ও বিচারক হিসেবে তিনি খবরটি যাচাই করতে চেয়েছিলেন বলেও জানান। গাজা নিয়ে তার প্রতিবেদন প্রসঙ্গে পিল্লাই বলেন, সম্প্রতি তিনি সেখানে যা ঘটছে, তাকে গণহত্যা হিসেবে চিহ্নিত করে প্রতিবেদন জমা দিয়েছেন। ওই প্রতিবেদনের পর তার সাহসের প্রশংসা করা হয়েছে উল্লেখ করে তিনি প্রশ্ন তোলেন, সত্য বলার জন্য সাহসের প্রয়োজন হবে কেন? এ বছরের শান্তি পুরস্কারের জন্য নোবেল কমিটি ২৮৭ জন ব্যক্তি ও প্রতিষ্ঠানের মনোনয়ন পেয়েছিল। সম্ভাব্য প্রার্থীদের মধ্যে ছিল আন্তর্জাতিক মহাকাশ স্টেশন, সুদানের জরুরি সহায়তাকর্মীরা, ইউক্রেনের শিশু অধিকারকর্মী এবং দুটি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক আদালত। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও দীর্ঘদিন ধরে নোবেল শান্তি পুরস্কার পাওয়ার আগ্রহ প্রকাশ করে আসছেন। পুরস্কার ঘোষণার পর পিল্লাই মজা করে বলেন, দর্শকেরা আরও বেশি হাততালি দিলে তিনি ট্রাম্পের সঙ্গে পুরস্কার ভাগ করে নিতে পারেন। পুরস্কার হিসেবে পিল্লাই পাবেন ১ কোটি ২০ লাখ সুইডিশ ক্রোনা, যা প্রায় ১২ লাখ মার্কিন ডলারের সমান। আগামী ১০ ডিসেম্বর অসলোতে সুইডিশ শিল্পপতি আলফ্রেড নোবেলের মৃত্যুবার্ষিকীতে তার হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।

চাঁদাবাজির কারণে সরকারের প্রতি

জানান। মুফতি রেজাউল করীম বলেন, সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্য নিয়ে বাংলাদেশ স্বাধীন হলেও কোনো সরকার এসব লক্ষ্য বাস্তবায়ন করতে পারেনি। শ্রমিকদের ন্যায্য অধিকার ও মুক্তি নিশ্চিত করতে ইসলামী শ্রমব্যবস্থা গড়ে তুলতে হবে। তিনি বলেন, স্থানীয় সরকার নির্বাচনে ইসলামী শ্রমিক আন্দোলনের দায়িত্বশীলদের প্রার্থী হওয়ার পাশাপাশি ইসলামী আন্দোলন বাংলাদেশের প্রার্থীদের বিজয়ী করতে ভূমিকা রাখতে হবে। শ্রমিকদের অধিকার প্রতিষ্ঠা ও ন্যায়ভিত্তিক সমাজ গঠনে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। অটোরিকশাচালকদের বিষয়ে তিনি বলেন, তাদের ওপর জুলুম-নির্যাতন না করে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও দিকনির্দেশনার মাধ্যমে সুশৃঙ্খলভাবে যানবাহন চালানোর সুযোগ দিতে হবে। শ্রমজীবী মানুষের জীবন-জীবিকা ও অধিকার রক্ষা করে সুশৃঙ্খল পরিবহনব্যবস্থা গড়ে তোলার ওপরও গুরুত্ব দেন তিনি। বিশেষ অতিথির বক্তব্যে ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান বলেন, শ্রমিকদের আদর্শিকভাবে গড়ে তোলা ও তাদের অধিকার প্রতিষ্ঠায় ইসলামী শ্রমিক আন্দোলন কাজ করছে। দেশে চাঁদাবাজি বন্ধ করে শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনার পাশাপাশি দ্রুত জুলাই সনদ বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান তিনি। দলের প্রেসিডিয়াম সদস্য মাওলানা মোসাদ্দেক বিল্লাহ আল মাদানী বলেন, দেশব্যাপী চাঁদাবাজির কারণে সরকারের প্রতি মানুষের তিক্ততা তৈরি হয়েছে। জনস্বার্থকে প্রাধান্য দিয়ে এসব সমস্যার সমাধান ও দেশে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা করতে হবে। প্রেসিডিয়াম সদস্য অধ্যাপক আশরাফ আলী আকন বলেন, ইসলামী শ্রমিক আন্দোলন বাংলাদেশ অতীতে ৮২টি শ্রমিক শ্রেণির মধ্যে কাজ করেছে। শ্রমজীবী মানুষের অধিকার প্রতিষ্ঠা ও সাংগঠনিক কার্যক্রম সম্প্রসারণে এ ধারাবাহিকতা বজায় রাখতে হবে। কাউন্সিলে শ্রমিকদের ন্যায্য অধিকার, মর্যাদা, নিরাপত্তা ও পাওনা নিশ্চিত করতে সংগঠনের দায়িত্বশীলদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানানো হয়। এদিকে কাউন্সিল থেকে ২০২৭-২৮ সেশনের জন্য ইসলামী শ্রমিক আন্দোলন বাংলাদেশের নতুন কেন্দ্রীয় নেতৃত্ব ঘোষণা করা হয়েছে। এতে মুহাম্মাদ খলিলুর রহমানকে সভাপতি, কে এম বিল্লাল হোসাইনকে সহসভাপতি এবং এইচ এম রফিকুল ইসলামকে সেক্রেটারি জেনারেল মনোনীত করা হয়। দলটির কেন্দ্রীয় প্রচার ও দাওয়াহ বিভাগের মুহাম্মাদ নাজিম উদ্দিন এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান।

ছোটো হতে চলছে

জানান পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা। বরিশাল পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. জাবেদ ইকবাল বলেন, 'স্বল্প বরাদ্দের ভেতরে আমরা তাৎক্ষণিক যে ব্যবস্থা নিয়েছি, সেটা আমি মনে করি এই মুহূর্তে সন্তোষজনক। তবে এই ভাঙনের তীব্রতা অব্যাহত রয়েছে। তবে ভাঙন রোধে আমরা কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছি।' ভারত ও বাংলাদেশের ৫৪টি অভিন্ন নদী আছে। গঙ্গা ছাড়া আর কোনোটির পানি বণ্টনে চুক্তি হয়নি। তিস্তার প্রশ্ন এখনো অমীমাংসিত। দু'দেশের পানিবণ্টন নীতিমালা সঠিক বাস্তবায়ন হলে নদী ভাঙন কমবে বলে মনে করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিসি। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মো. মামুন অর রশিদ বলেন, 'পার্শ্ববর্তী দেশ ইন্ডিয়ার সঙ্গে রাজনৈতিকভাবে এই পানিবণ্টন নীতিমালার সুষ্ঠু সমাধান করা দরকার। এবং এই সমাধান যদি করতে পারে সরকার বা বাংলাদেশ বা ভারত যদি এই সমাধানে পৌঁছাতে পারে, তাহলে আমাদের নদীগুলা বেঁচে যাবে এবং আমরা নদীর ভাঙন থেকে উপকৃত হব।' বরিশাল জেলায় ৩৮টি নদীর দৈর্ঘ্য ৭১৬ কিলোমিটার। এর ভেতরে ৬০ কিলোমিটারই ভাঙনকবলিত। ২৫ কিলোমিটার এলাকা মারাত্মক ঝুঁকিতে রয়েছে। চলতি বর্ষায় মাত্র ৯ কিলোমিটার এলাকায় জরুরি ভিত্তিতে কাজ করা হয়েছে। এতে খরচ হয়েছে ৩৫ কোটি টাকা। পুরো ৬০ কিলোমিটার কাজ করতে প্রয়োজন হতো ২৫০ কোটি টাকা। বরিশালের নদীগুলোতে ৬ ঘণ্টা পর পর জোয়ার-ভাটা চলে। নদীতে প্রচুর পলি জমা হয়। নদীর মাটি বালি, পলি এবং কাঁদার সংমিশ্রণ। আর এ কারণে সারাবছর এখানে নদী ভাঙন থাকে। তবে বর্ষাকালে তা তীব্র হয়। এ সমস্যার সমাধানে গবেষণা দরকার বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

রিয়াদ বিমানবন্দরে হুতিদের ভয়াবহ হামলা
পাইলটসহ তিন সৌদি নাগরিক নিহত

কীর্তনখোলা ডেস্ক

সৌদি আরবের রাজধানী রিয়াদের বাদশাহ খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে ইয়েমেনের হুতি বিদ্রোহীদের চালানো এক ভয়াবহ হামলায় পাইলটসহ অন্তত তিন সৌদি নাগরিক নিহত হয়েছেন। এ ঘটনায় আরও বেশ কয়েকজন বেসামরিক নাগরিক আহত হয়েছেন। শুক্রবার (০৯ অক্টোবর) এক বিবৃতির মাধ্যমে হুতি বিদ্রোহীদের পরিচালিত এ হামলার তথ্য ও হতাহতের খবর আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করেছে সৌদি কর্তৃপক্ষ। অন্যদিকে হুতি বিদ্রোহীরাও প্রকাশ্যে এ হামলার দায় স্বীকার করেছে। সৌদি সরকারের পক্ষ থেকে জানানো হয়, বৃহস্পতিবার (৮ অক্টোবর) দুই দফায় বিমানবন্দরে হামলা চালানো হয়। প্রথম দফায় বিমানবন্দরের গুরুত্বপূর্ণ অবকাঠামো ও স্থাপনা লক্ষ্যবস্তু করা হয় এবং দ্বিতীয় দফায় সরাসরি উড়োজাহাজকে নিশানা করা হয়। হুতি বিদ্রোহীরা জানিয়েছে, তারা ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ব্যবহার করে এ হামলা চালিয়েছে। সৌদি আরবের রাষ্ট্রীয় বিমান সংস্থা সৌদিয়া গ্রুপ পৃথক বিবৃতিতে জানায়, হামলায় নিহতদের মধ্যে তাদের এক জ্যেষ্ঠ বিমানচালক ক্যাপ্টেন হামুদ আলি আলকালথামী রয়েছেন। সংস্থাটির রানওয়েতে দাঁড়িয়ে থাকা একটি উড়োজাহাজও হামলায় ক্ষতিগ্রস্ত হয়েছে, তবে সেটিতে তখন কোনো যাত্রী ছিলেন না। ইয়েমেনে নতুন করে সংঘাত তীব্র হওয়ার পর এই প্রথম সৌদির জাতীয় পতাকাবাহী বিমান সংস্থাটি প্রত্যক্ষ ক্ষতির মুখে পড়ল। সৌদি বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ জানিয়েছে, হামলায় দেশি-বিদেশি বেসামরিক নাগরিকদের ক্ষয়ক্ষতি ও আঘাতের মাত্রা হালকা থেকে গুরুতর। প্রাথমিক ধাক্কা সামলে নিয়ে বৃহস্পতিবার সন্ধ্যার পর থেকে বিমানবন্দরের সার্বিক ফ্লাইট পরিচালনা কার্যক্রম পুনরায় স্বাভাবিক করা সম্ভব হয়েছে।

হারিয়েছে

আমার ছেলে মোঃ হাসিব এর নবম শ্রেণীর রেজিষ্ট্রেশন কার্ড যাহার নম্বর ২৭২৫০৭৬০০৭৪, সেশন- ২০২৫, বোর্ড: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, হারিয়েছে। আমতলী থানা জিডি নং- ৩৩২, তারিখ: ০৮-১০-২০২৬খ্রি.।

মোসাঃ আছমা বেগম
আমতলী, বরগুনা।
মোবাইল: ০১৭২৪-১৯৫৭৯০

হারিয়েছে

মেঘনা লাইফ ইন্স্যুরেন্স পি এল সি এর মূল জীবন বীমা দলিল হারিয়েছে যাহার পলিসি নং 05400458 নামঃ মোঃ আলাল শরীফ ও পলিসি নং 03898888 নামঃ ফাতেমা বেগম

রেকর্ডের সর্বোচ্চ তীব্রতায় এল

জোরালো পূর্বাভাস দেওয়া হয়েছে। এর প্রভাবে বিশ্বজুড়ে তাপমাত্রা বৃদ্ধি এবং বৃষ্টিপাতের ধরনে বড় ধরনের পরিবর্তন ঘটতে পারে বলে আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা। জাপানের আবহাওয়া সংস্থা শুক্রবার (৯ অক্টোবর) জানায়, এল নিনো পর্যবেক্ষণের জন্য নির্ধারিত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সমুদ্রপৃষ্ঠের তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় ৪ ডিগ্রি সেলসিয়াস বেশি রয়েছে। ১৯৪৯ সালে রেকর্ড রাখা শুরুর পর এটিই সর্বোচ্চ তাপমাত্রা। বেশ কয়েক মাস ধরেই আবহাওয়াবিদেরা সতর্ক করে আসছেন, ২০২৬ সালের এল নিনো অতীতের সব রেকর্ড ছাড়িয়ে যেতে পারে। পরিস্থিতির অস্বাভাবিক তীব্রতার কারণে একে 'সুপার এল নিনো' বলেও অভিহিত করছেন তাঁরা। এল নিনো হলো প্রাকৃতিকভাবে সংঘটিত এল নিনো-সাউদার্ন অসিলেশন (ইএনএসও) জলবায়ুচক্রের উষ্ণ পর্যায়। এই চক্র বিশ্বের বিভিন্ন অঞ্চলের আবহাওয়া ও জলবায়ুকে প্রভাবিত করে। সাধারণত প্রতি দুই থেকে সাত বছর অন্তর এল নিনো দেখা দেয়। এর প্রভাবে বৈশ্বিক তাপমাত্রা বাড়তে পারে এবং বিভিন্ন অঞ্চলে বৃষ্টিপাতের স্বাভাবিক ধরন ব্যাহত হয়। কোথাও দীর্ঘস্থায়ী খরা দেখা দেয়, আবার কোথাও অতিবৃষ্টি ও বন্যার ঝুঁকি বাড়ে। জাপানের এই সতর্কতার এক দিন আগে, বৃহস্পতিবার বিশ্ব আবহাওয়া সংস্থা (ডব্লিউএমও) জানিয়েছিল, এল নিনোর তীব্রতা আরও বাড়তে পারে এবং ডিসেম্বরের দিকে এটি সর্বোচ্চ পর্যায়ে পৌঁছানোর আশঙ্কা রয়েছে। ডব্লিউএমওর মহাসচিব সেলেস্তে সাউলো বলেন, সংস্থাটির পূর্বাভাস অনুযায়ী, ২০২৭ সালের ফেব্রুয়ারি পর্যন্ত এল নিনো পরিস্থিতি অব্যাহত থাকার সম্ভাবনা প্রায় ১০০ শতাংশ। একই সঙ্গে ১৯৫০ সালের পর এটি অন্যতম শক্তিশালী এল নিনো হতে পারে বলে পূর্বাভাসে উল্লেখ করা হয়েছে। এদিকে শিকাগো বিশ্ববিদ্যালয়ের ক্লাইমেট ইমপ্যাক্ট ল্যাব গত মাসে প্রকাশিত এক প্রতিবেদনে জানিয়েছে, এল নিনো সংশ্লিষ্ট তাপপ্রবাহের কারণে ২০২৬ সালের জুন থেকে ২০২৭ সালের ফেব্রুয়ারি পর্যন্ত বিশ্বজুড়ে অতিরিক্ত ৪ লাখ ৫১ হাজার মানুষের মৃত্যু হতে পারে। এটি গবেষকদের মডেলভিত্তিক পূর্বাভাস, নিশ্চিত মৃত্যুসংখ্যা নয়। তাঁদের হিসাব অনুযায়ী, স্বাভাবিক বছরের তুলনায় অতি উষ্ণ দিনের সংখ্যা ৪৪ শতাংশ বাড়তে পারে। ইউরোপীয় ইউনিয়নের কোপার্নিকাস ক্লাইমেট চেঞ্জ সার্ভিসের তথ্য অনুযায়ী, ২০২৬ সালের আগস্ট মাস বৈশ্বিক উষ্ণতার রেকর্ডে ২০২৩ সালের জুলাইয়ের সঙ্গে যৌথভাবে শীর্ষে ছিল। ওই দুই মাসে বিশ্বজুড়ে ভূপৃষ্ঠ সংলগ্ন বায়ুর গড় তাপমাত্রা ছিল ১৬ দশমিক ৯৬ ডিগ্রি সেলসিয়াস। কোপার্নিকাসের সেপ্টেম্বর মাসে প্রকাশিত বুলেটিনে বলা হয়, এল নিনোর তীব্রতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে গ্রীষ্মমণ্ডলীয় প্রশান্ত মহাসাগরের বিস্তীর্ণ অঞ্চলে অস্বাভাবিক উচ্চ তাপমাত্রা বজায় ছিল। এতে বৈশ্বিক উষ্ণতা ও চরম আবহাওয়ার ঝুঁকি নিয়ে উদ্বেগ আরও বেড়েছে।

সন্দেহের ভিত্তিতে কাউকে বাংলাদেশে ফেরত

এক বাসিন্দাকে অবৈধ বাংলাদেশি অভিবাসী সন্দেহে আটক ও ফেরত পাঠানোর প্রক্রিয়া নিয়ে রাজ্য সরকারের কাছে এ বিষয়ে জানতে চেয়ে তিনি বলেন, কারও বক্তব্যের ভিত্তিতেই কাউকে বাংলাদেশি নাগরিক হিসেবে চিহ্নিত করে ফেরত পাঠানো যায় কি না। খবর দ্য ইন্ডিয়ান এক্সপ্রেসের। বিচারপতি সৌগত ভট্টাচার্য প্রশ্ন করেন, গত ৮ আগস্ট থেকে আটক সাহিদুল শেখকে কোন ভিত্তিতে বাংলাদেশি নাগরিক হিসেবে চিহ্নিত করা হয়েছে। রাজ্য সরকারের পক্ষ থেকে রানিনগর থানার পুলিশ ও পুলিশ সুপারের প্রতিবেদন জমা দেওয়ার পর তিনি এ প্রশ্ন তোলেন। প্রতিবেদনে বলা হয়, বৈধ পাসপোর্ট ও ভিসা ছাড়াই সাহিদুল ভারতে বসবাস করছিলেন। এর আগে সাহিদুলের স্ত্রী আদালতে আবেদন করে দাবি করেন, তার স্বামীকে বেআইনিভাবে আটক করা হয়েছে। ওই আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত রাজ্য সরকারকে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দিয়েছিলেন। বিচারপতি বলেন, বিদেশি নিবন্ধন দপ্তরের (এফআরও) আটকাদেশে সাহিদুলকে বাংলাদেশি নাগরিক হিসেবে চিহ্নিত করা হয়েছে। কিন্তু এ সিদ্ধান্তের ভিত্তি কী, তা স্পষ্ট করা প্রয়োজন। শুধু কাউকে বাংলাদেশি নাগরিক বলে উল্লেখ করলেই হবে না; আটকাদেশে এর পক্ষে যুক্তি ও তথ্য থাকতে হবে বলেও পর্যবেক্ষণ করেন তিনি। আটকের পক্ষে যুক্তি দিতে গিয়ে রাজ্য সরকারের আইনজীবী ও অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল রাজদীপ মজুমদার জানান, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশে বিশেষ অভিযানের সময় কিছু গোপন তথ্য সংগ্রহ করা হয়েছিল। সাহিদুল নিজেও সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশ এবং অবৈধভাবে বসবাসের কথা স্বীকার করেছেন বলে দাবি করে রাজ্য সরকার। তবে সাহিদুলকে অবৈধ অভিবাসী বলা হলে তার ভোটার কার্ড, আধার কার্ড ও প্যান কার্ড কীভাবে রয়েছে, তা জানতে চান আদালত। জবাবে রাজ্য সরকার জানায়, জাল নথি ব্যবহার করে এসব পরিচয়পত্র সংগ্রহ করেছিলেন তিনি। রাজ্য সরকারের আরও দাবি, সাহিদুল যাকে নিজের বাবা বলে পরিচয় দিয়েছেন, সেই কালাম শেখের স্ত্রী এবং তার মেয়ে সাহিদুলকে চেনেন না বলে জানিয়েছেন। আদালত পর্যবেক্ষণে বলেন, পরিবারের সদস্যদের বক্তব্যই সাহিদুলের বাংলাদেশি নাগরিকত্ব প্রমাণের জন্য যথেষ্ট নয়। এ ছাড়া বিদেশি নিবন্ধন দপ্তরের সামনে নিজের বক্তব্য তুলে ধরার সুযোগও তাঁকে দেওয়া হয়নি। রাজ্য সরকারের আইনজীবী পাল্টা যুক্তি দেন, প্যান নম্বর, আধার কার্ড ও স্কুলের সনদের মতো নথি জাল করার অভিযোগ সন্দেহের কারণ এবং এটি ফেরত পাঠানোর ভিত্তি হতে পারে। রপর বিচারপতি প্রশ্ন করেন, ১৯৭০-এর দশকে কত মানুষ সীমান্ত পেরিয়ে এসেছিলেন? পরিবারের সদস্যদের কিছু বক্তব্যের ভিত্তিতে কি তাদের ফেরত পাঠানো সম্ভব? উভয় পক্ষের বক্তব্য শোনার পর আদালত সাহিদুলকে ফেরত পাঠানোর ২৮ সেপ্টেম্বরের আদেশ পরবর্তী শুনানি পর্যন্ত স্থগিত রাখার নির্দেশ দেন। মামলাটি ১৪ অক্টোবর উপযুক্ত বেঞ্চে শুনানির জন্য পাঠানোর নির্দেশও দেওয়া হয়। পেশায় কৃষক সাহিদুল মুর্শিদাবাদের দুবাপাড়ায় স্ত্রী ও তিন সন্তানকে নিয়ে বসবাস করতেন। তার আত্মীয়দের দাবি, তার বাবাও ওই এলাকায় বসবাস করতেন। সাহিদুলের স্ত্রী ৩৪ বছর বয়সী দেজিনা বিবি জানান, গত ৮ আগস্ট রাতে রানিনগর থানার পুলিশ অবৈধ বাংলাদেশি অভিবাসী সন্দেহে তাঁর স্বামীকে তুলে নিয়ে যায়। এরপর থেকে তিনি আর স্বামীকে দেখতে পাননি।

পটুয়াখালীতে শহীদ ওসমান

আহমেদ, রিয়াদ আজাদ, মো. ইব্রাহিম শরিফ, মো. মাহমুদুল হাসান, মোঃ সাকিব বিল্লাহ, আসিবুল ইসলাম তালুকদারসহ বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থীরা। সমাবেশে তোফাজ্জেল হোসেন তিন দফা দাবি তুলে ধরেন। দাবিগুলো হলো– ১. ডিসেম্বরের মধ্যে শহীদ ওসমান হাদির বিচার নিশ্চিত করতে হবে। ২. গণভোটের গণরায়ের আলোকে জুলাই সনদ বাস্তবায়ন করতে হবে। ৩. শাপলা গণহত্যা, পিলখানা গণহত্যা এবং জুলাই গণহত্যার বিচার নিশ্চিত করতে হবে। তিনি বলেন, এসব দাবি বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ নিতে হবে। দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন ধারাবাহিকভাবে চলবে বলে জানান কর্মসূচিতে অংশগ্রহণকারী বক্তারা।

হানিট্র্যাপে ব্যবসায়ীর নগ্ন ভিডিও

মারধর ও ভয়ভীতি দেখিয়ে নগ্ন ভিডিও ধারণ করা হয়। ওই ভিডিও ব্যবহার করে ব্ল্যাকমেইলের মাধ্যমে অর্থ আদায়ের অভিযোগে তাদের গ্রেফতার করা হয়েছে। ভাণ্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেওয়ান জগলুল হাসান জানান, এ ঘটনায় গ্রেফতার তিনজনের বিরুদ্ধে পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে। তাদের আদালতে পাঠানো হয়েছে। ঘটনার সঙ্গে অন্য কেউ জড়িত কি-না, তা তদন্ত করে দেখা হচ্ছে। এ ঘটনার

পর বৃহস্পতিবার রাতে সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে সজীব চাপরাশিকে বহিষ্কার করেছে পিরোজপুর জেলা ছাত্রদল। জেলা ছাত্রদলের সভাপতি সালাউদ্দিন তালুকদার কুমার ও সাধারণ সম্পাদক মাহমুদ হাসান শাহীন এ সিদ্ধান্ত অনুমোদন করেন। জেলা ছাত্রদলের দপ্তর সম্পাদক খালিদ হাসানের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, সজীবকে প্রাথমিক সদস্য পদসহ সংগঠনের সব পদ থেকে বহিষ্কার করা হয়েছে। এ বিষয়ে জেলা ছাত্রদলের সভাপতি সালাউদ্দিন তালুকদার বলেন, 'স্থানীয় নেতাদের সঙ্গে আলোচনা করে সজীবের বিরুদ্ধে বিভিন্ন তথ্য-প্রমাণ পাওয়া গেছে। সার্বিক বিষয় বিবেচনায় সাংগঠনিক শৃঙ্খলা বজায় রাখতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।'

বাউফলে অ্যাপ্রোচ সড়কের অভাবে

ও কালভার্ট নির্মাণ কর্মসূচির আওতায় এসব সেতু নির্মাণ করা হচ্ছে। সংশ্লিষ্ট প্রকল্পগুলোর প্রাক্কলিত ব্যয় অনুযায়ী ছয়টি সেতু নির্মাণে মোট ব্যয় ধরা হয়েছে ৩ কোটি ৫৪ লাখ ২৬ হাজার ৫৪২ টাকা। এর মধ্যে সূর্যমণি ইউনিয়নের নুরাইনপুর-রামনগর এলাকার রাজায় বিশ্বাস বাড়ির কাছে সরকারি প্রাথমিক বিদ্যালয়সংলগ্ন নুরাইনপুর খালের ওপর ১ কোটি ১৬ লাখ ৪৮ হাজার ১৭৯ টাকা ব্যয়ে ১৫ মিটার দৈর্ঘ্যের গার্ডার সেতু নির্মাণ করা হয়েছে। সেতুটির নির্মাণকাজের দায়িত্ব পায় মেসার্স রুকাইয়া ট্রেডার্স। প্রতিষ্ঠানটিকে ২০২৪ সালের ৩০ এপ্রিল কার্যাদেশ দেওয়া হয়। ২০২৫ সালের ২০ জানুয়ারির মধ্যে কাজ শেষ করার কথা থাকলেও নির্ধারিত সময়ের পর এক বছর ৯ মাস অতিবাহিত হয়ে গেছে। এরপরও সেতুটির পুরো কাজ শেষ হয়নি। গত ৬ জুলাই সেতুটির পশ্চিম প্রান্তের উত্তর পাশের একটি উইংওয়াল ধসে পড়ে। পূর্ব দিকের দক্ষিণ পাশের একটি উইংওয়ালেও ফাটল দেখা দিয়েছে। উইং দেয়াল ধসে পড়ার পর দুই মাসের বেশি সময় অতিবাহিত হলেও সেটি এখনো সংস্কার করা হয়নি। পাশাপাশি অ্যাপ্রোচ সড়কে যথাযথভাবে মাটি ভরাট না করায় সংযোগস্থলে কাদামাটি জমে রয়েছে। ফলে মূল সেতু নির্মাণ করা হলেও স্বাভাবিকভাবে যানবাহন চলাচল করতে পারছে না। স্থানীয় বাসিন্দা মো. বাদল বলেন, সেতুর উইং দেয়াল ধসে পড়া এবং অ্যাপ্রোচ সড়ক অসম্পূর্ণ থাকায় এলাকার মানুষ দুর্ভোগ পোহাচ্ছেন। কাদামাটির ওপর কাঠের তক্তা ফেলে ঝুঁকি নিয়ে চলাচল করতে হচ্ছে। সেতুর পশ্চিম পাশে একটি বড় বাড়ি রয়েছে। ওই বাড়িতে ভারি মালপত্র নিতে হলে গাড়ি নিয়ে প্রায় সাড়ে তিন কিলোমিটার পথ ঘুরে যেতে হয়। মেসার্স রুকাইয়া ট্রেডার্সের মালিক মেহেদী হাসানের কাছ থেকে কাজটি কিনে বাস্তবায়ন করছেন একই এলাকার রফিকুল ইসলাম মেম্বার। তিনি বলেন, ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিকের কাছ থেকে কাজটি কিনে করছেন। সেতুর কাজে যেসব ত্রুটি রয়েছে, সেগুলো ঠিক করে দেবেন। স্থানীয়দের অভিযোগ, সেতুটির নির্মাণকাজে নিম্নমানের সামগ্রী ব্যবহার করা হয়েছে। সেতুর নিচে যথাযথভাবে সেন্টারিং না করায় বিম নিচের দিকে ঝুলে গেছে বলেও অভিযোগ রয়েছে। তাদের দাবি, নির্মাণকাজের ত্রুটির কারণেই উইং দেয়াল ধসে পড়েছে। এদিকে কনকদিয়া ইউনিয়নের ঝিলনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উত্তর-পূর্ব পাশে এবং সেকান্দার গাজীর খালের ওপর পৃথক দুটি ১১ মিটার দৈর্ঘ্যের সেতু নির্মাণে প্রতিটির প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ৪১ লাখ ৬৩ হাজার ৯১৯ টাকা। মেসার্স আরবী আলিফ ট্রেডার্স কাজ দুটি বাস্তবায়ন করছে। একই ঠিকাদারের অধীনে কনকদিয়া সামসু মাস্টার বাড়ির আয়লা খালের ওপর ৮ মিটার দৈর্ঘ্যের আরেকটি সেতু নির্মাণ করা হচ্ছে। সেতুগুলোর অ্যাপ্রোচ সড়কে মাটি ভরাট, ইটের সোলিং ও রঙের কাজ এখনো শেষ হয়নি। চলতি বছরের ৩০ মার্চের মধ্যে কাজ শেষ করার কথা থাকলেও নির্ধারিত সময় পেরিয়ে গেছে। ফলে মূল সেতু নির্মাণ হলেও পুরোপুরি ব্যবহার উপযোগী হয়নি। ঠিকাদার মো. ফারুক হোসেন বলেন, টাকার সমস্যার কারণে সেতুর উইংওয়াল, অ্যাপ্রোচ সড়কে মাটি ভরাট, ইটের সোলিং ও রঙের কাজ করতে পারেননি। তবে খুব শিগগির বাকি কাজ শুরু করবেন। বগা ইউনিয়নের রাজনগর ১৭১ নম্বর সরকারি প্রাথমিক বিদ্যালয়সংলগ্ন পূর্ব ঝিলনা খালের ওপর ১১ মিটার দৈর্ঘ্যের সেতু এবং মদনপুরা ইউনিয়নের আলুতলা খালের ওপর ৯ দশমিক ৫০ মিটার দৈর্ঘ্যের সেতু নির্মাণ করছে মেসার্স মা-বাবা দোয়া ট্রেডিং। পূর্ব ঝিলনা খালের সেতুটির প্রাক্কলিত ব্যয় ৪১ লাখ ৬৩ হাজার ৯১৯ টাকা এবং আলুতলা খালের সেতুটির ব্যয় ৩৫ লাখ ৬১ হাজার ৩৭০ টাকা। সেতু দুটির মূল কাঠামোর কাজ শেষ হলেও উইংওয়াল, অ্যাপ্রোচ সড়কে মাটি ভরাট, ইটের সোলিং ও রঙের কাজ অসমাপ্ত রয়েছে। গত ৩ এপ্রিলের মধ্যে কাজ শেষ করার কথা থাকলেও নির্ধারিত সময় পেরিয়ে গেছে। ঠিকাদার মো. জুয়েল বলেন, অ্যাপ্রোচ সড়কের কিছু মাটির কাজ করা হয়েছে। বর্ষার কারণে পুরো কাজ শেষ করা যায়নি। ইটের সলিং ও রঙের কাজও শিগগির শেষ করবেন। একই ঠিকাদারের অধীনে কালিশুরী ইউনিয়নের রাজাপুর গ্রামের ১২০ নম্বর সরকারি প্রাথমিক বিদ্যালয়সংলগ্ন খালের ওপর ৯ দশমিক ৫০ মিটার দৈর্ঘ্যের আরেকটি সেতু নির্মাণ করা হয়েছে। সেতুটির প্রাক্কলিত ব্যয় ৩৫ লাখ ৬১ হাজার ৩১৭ টাকা। গত ৩ এপ্রিলের মধ্যে কাজ শেষ করার কথা থাকলেও এখনো অ্যাপ্রোচ সড়ক, ইটের সলিং ও রঙের কাজ বাকি রয়েছে। এ বিষয়ে ঠিকাদার মো. জুয়েল বলেন, মাটি পাওয়া না যাওয়ায় কাজ শেষ করা সম্ভব হয়নি। দ্রুত বাকি কাজ শেষ করা হবে। সেতুগুলোর কাছে কয়েকটি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। সেখানে সেতুর নির্মাণকাজ অসমাপ্ত থাকায় শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের ভোগান্তি পোহাতে হচ্ছে। বিশেষ করে বগা ইউনিয়নের রাজনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়সংলগ্ন সেতুর কাজ শেষ না হওয়ায় স্থানীয়দের চলাচলে সমস্যা হচ্ছে। বগা ইউনিয়নের বাসিন্দা ওমর ফারুক বলেন, রাজনগর ১৭১ নম্বর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাছে সেতুটির নির্মাণকাজ শেষ না হওয়ায় স্থানীয়রা ভোগান্তির শিকার হচ্ছেন। যানবাহন চলাচল করতে পারছে না। বিশেষ করে বিদ্যালয়ের কোমলমতি শিশুদের যাতায়াতে কষ্ট হচ্ছে। স্থানীয়দের অভিযোগ, নির্মাণকাজ চলাকালে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের নিয়মিত তদারকি দেখা যায়নি। ফলে কাজের মান ও অগ্রগতি নিয়ে তাদের মধ্যে অসন্তোষ তৈরি হয়েছে। অভিযোগ রয়েছে, এসব সেতুর নির্মাণকাজের বিপরীতে প্রায় ৯৫ শতাংশ বিল পরিশোধ করা হয়েছে। অথচ কয়েকটি সেতুর অ্যাপ্রোচ সড়ক, উইং দেয়াল, ইটের সোলিং ও রঙের কাজ এখনো অসমাপ্ত। কাজের বাস্তব অগ্রগতি ও বিল পরিশোধের মধ্যে সামঞ্জস্য রয়েছে কি না, তা নিয়ে প্রশ্ন তুলেছেন স্থানীয়রা। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) মো. রফিকুল ইসলাম বলেন, কয়েকটি সেতুর অ্যাপ্রোচ সড়কে মাটি ভরাট, ইটের সোলিং ও রঙের কাজ এখনো শেষ হয়নি। সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠানগুলোকে দ্রুত কাজ শেষ করার নির্দেশ দেওয়া হয়েছে। নুরাইনপুর-রামনগর এলাকার সেতুর উইংওয়াল ধসে পড়া, ফাটল ও অ্যাপ্রোচ সড়কের কাজ অসম্পূর্ণ থাকার বিষয়ে তিনি বলেন, এসব ক্ষেত্রে ঠিকাদারের ব্যর্থতা রয়েছে। ত্রুটিগুলো দ্রুত সংশোধন করে কাজ শেষ করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে চিঠি দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, নির্মাণকাজের অগ্রগতি যাচাই করে বিল দেওয়া হয়েছে। কোনো ঠিকাদারি প্রতিষ্ঠানকে কাজের অতিরিক্ত টাকা দেওয়া হয়নি। সেতুগুলোর নির্মাণমান, কাজের অগ্রগতি এবং বিল পরিশোধের হিসাব নিয়ে ওঠা অভিযোগের নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছেন স্থানীয়রা। তাদের মতে, সরকারি অর্থে নির্মিত এসব অবকাঠামোর গুণগত মান নিশ্চিত করার পাশাপাশি অসমাপ্ত কাজ দ্রুত শেষ করা জরুরি।

গঠনমূলক সমালোচনা করে দেশকে

আমির আব্দুর রবের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি ছিলেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল ও বরিশাল অঞ্চল পরিচালক অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল। সম্মেলনে ২০২৭-২৮ সেশনের জেলা আমির নির্বাচনে জেলার ৬৭২ জন নারী ও পুরুষ রুকন গোপন ব্যালটে ভোট দেন। প্রধান অতিথি বলেন, জেলা মজলিসে শূরার প্রতিনিধি নির্বাচনের অংশ হিসেবে এ ভোট গ্রহণ করা হয়েছে। জামায়াত দীর্ঘদিন ধরে এ পদ্ধতিতে নির্বাচন পরিচালনা করছে। এ নির্বাচনে প্রচার-প্রচারণা, দলাদলি বা গ্রুপিং নেই বলেও দাবি করেন তিনি। গণতন্ত্রের কথা বললেও অনেক দলের অভ্যন্তরে গণতন্ত্রের চর্চা নেই এবং কিছু ইসলামী দলে পরিবারকেন্দ্রিক নেতৃত্ব রয়েছে বলেও মন্তব্য করেন তিনি। সম্মেলন সঞ্চালনা করেন জেলা জামায়াতের সেক্রেটারি জহিরুল হক। এ ছাড়া উপস্থিত ছিলেন পটুয়াখালী জেলা জামায়াতের সাবেক আমির ও বরিশাল অঞ্চল টিমের সদস্য অধ্যাপক শাহ আলম।

ডিসেম্বর ঘিরে দেশজুড়ে সাঁড়াশি অভিযান

করছেন–এমন নেতাকর্মীদের একটি তালিকা তৈরি করা হয়েছে। ডিসেম্বরের আগেই তাদের গ্রেফতারের পরিকল্পনা রয়েছে। একই সঙ্গে সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব, উসকানিমূলক বক্তব্য ও সম্ভাব্য নাশকতা ঠেকাতে সাইবার নজরদারিও বাড়ানো হয়েছে। সম্প্রতি বিভিন্ন এলাকায় আওয়ামী লীগের স্থানীয় পর্যায়ের নেতাকর্মীদের পাশাপাশি সাবেক সংসদ সদস্যসহ বেশ কয়েকজন গুরুত্বপূর্ণ নেতাকে গ্রেফতার করা হয়েছে। এর মধ্যে মানিকগঞ্জের সাটুরিয়া উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি আনোয়ার হোসেন খান জ্যোতি, পঞ্চগড়-১ আসনের সাবেক সংসদ সদস্য নাঈমুজ্জামান ভূঁইয়া মুক্তা, ভোলার তজুমদ্দিন উপজেলা আওয়ামী লীগের কৃষিবিষয়ক সম্পাদক ফরিদুল তালুকদার এবং সিরাজগঞ্জের রায়গঞ্জের ধুবিল ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল করিম ভোলার নাম রয়েছে। এ ছাড়া বিভিন্ন জেলার তৃণমূল পর্যায়ের আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরাও অভিযানে গ্রেফতার হয়েছেন। কিশোরগঞ্জের কুলিয়ারচরে হাতকড়া পরা অবস্থায় পালিয়ে যাওয়া রেনু মিয়াকেও আট ঘণ্টা পর পুনরায় গ্রেফতার করা হয় বলে জানা গেছে। শেখ হাসিনা আগস্ট ও সেপ্টেম্বরে দুই দফায় ডিসেম্বরের মধ্যে দেশে ফেরার ঘোষণা দিয়েছেন। এ ঘোষণাকে ঘিরে রাজনৈতিক অঙ্গনে নানা আলোচনা তৈরি হয়েছে। বিশ্লেষকদের একাংশ মনে করছেন, কর্মীদের মনোবল ধরে রাখতেই এমন ঘোষণা দেওয়া হয়ে থাকতে পারে। অন্যদিকে আরেকটি অংশের ধারণা, ভারত ও আন্তর্জাতিক মহলের মধ্যস্থতায় নিরাপত্তা ও আইনি নিশ্চয়তার ভিত্তিতে দেশে ফেরার কোনো রাজনৈতিক সমঝোতার চেষ্টা হতে পারে। তবে দেশে ফেরার বিষয়ে কোনো সমঝোতা হোক বা না হোক, ডিসেম্বরকে কেন্দ্র করে সম্ভাব্য রাজনৈতিক সহিংসতা বা জনজীবন অস্থিতিশীল করার যেকোনো চেষ্টা কঠোরভাবে মোকাবিলার প্রস্তুতি নিচ্ছে আইনশৃঙ্খলা বাহিনী। এদিকে ব্যাপক গ্রেফতারের কারণে দেশের কারাগারগুলোর ওপর বাড়তি চাপ তৈরি হওয়ার বিষয়টিও আলোচনায় এসেছে। কারাগারগুলোর মোট ধারণক্ষমতা প্রায় ৪৫ হাজার হলেও বর্তমানে গড়ে প্রায় এক লাখ বন্দি রয়েছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। ফলে নির্বিচারে গ্রেফতারের পরিবর্তে সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সম্ভাব্য উসকানিদাতা ও সহিংসতায় জড়িত ব্যক্তিদের আইনের আওতায় আনার পরামর্শ দিয়েছেন অপরাধ বিশেষজ্ঞরা। ঢাকা মেট্রোপলিটন পুলিশও জানিয়েছে, ডিসেম্বরকে ঘিরে রাজধানীতে কোনো ধরনের বিশৃঙ্খলা বা জনজীবন অস্থিতিশীল করার চেষ্টা বরদাশত করা হবে না। পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রয়োজনীয় সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।

দেশ থেকে বিদায় নিচ্ছে

১১ অক্টোবর সারা দেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলা থাকতে পারে। এদিন দিন ও রাতের তাপমাত্রা সামান্য বাড়ার সম্ভাবনা রয়েছে। সোমবার ১২ অক্টোবর চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। দেশের অন্যান্য অঞ্চলে আকাশ আংশিক মেঘলা থাকলেও আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। মঙ্গলবার ১৩ অক্টোবর খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দেশের অন্যান্য অঞ্চলে আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলা থাকলেও আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এদিন সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। এদিকে, বর্ধিত পাঁচ দিনের আবহাওয়ার পূর্বাভাসে মধ্য বঙ্গোপসাগর ও এর আশপাশের এলাকায় একটি লঘুচাপ সৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর।

টিকটকে 'সেনাসদস্য' পরিচয়ে

দিতেন জলিল। এ পরিচয়ে বিভিন্ন তরুণীর সঙ্গে যোগাযোগ করে প্রেমের সম্পর্ক গড়ে তোলার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। সম্প্রতি বাগেরহাটের এক তরুণীর সঙ্গেও একইভাবে সম্পর্ক গড়ে তোলেন তিনি। পরে ওই তরুণীকে কুয়াকাটায় নিয়ে আসেন। বিষয়টি জানতে পেরে তরুণীর পরিবারের সদস্যরা কুয়াকাটায় এসে তাদের অবস্থান শনাক্ত করেন। পরে পুলিশকে খবর দিলে বুধবার সন্ধ্যায় হোটেল মারওয়া থেকে জলিলকে আটক করা হয়। ভুক্তভোগী তরুণীর বাবা বলেন, সেনাবাহিনীর সদস্য পরিচয়ে জলিল তার মেয়ের সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে তোলেন। বিষয়টি জানার পর তারা খোঁজখবর শুরু করেন। একপর্যায়ে জলিল তার মেয়েকে কুয়াকাটায় নিয়ে এলে তারাও সেখানে আসেন। পরে খোঁজ নিয়ে জানতে পারেন, জলিল সেনাসদস্য নন, তিনি পেশায় একজন জেলে। এদিকে জলিলের স্ত্রীও তার বিরুদ্ধে একাধিক তরুণীর সঙ্গে একই ধরনের প্রতারণার অভিযোগ করেছেন। তার দাবি, এর আগেও এমন ঘটনা ঘটিয়েছেন জলিল। হোটেল মারওয়ার ব্যবস্থাপক আতিকুর রহমান বলেন, বুধবার সকাল ৭টা ৪০ মিনিটের দিকে হোটেলের এক কর্মীর মাধ্যমে জলিল একটি কক্ষ বুকিং দেন। হোটেলের নিয়ম অনুযায়ী তাদের প্রবেশ করতে দেওয়া হয়। পরে সন্ধ্যায় পুলিশ এসে জলিলকে আটক করে। তখন তারা জানতে পারেন, সেনাসদস্য পরিচয় দিয়ে প্রেমের সম্পর্ক গড়ে তোলার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। কলাপাড়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ইয়াসীন সাদিক বলেন, হোটেল মারওয়া থেকে জলিলকে আটক করা হয়। নিজেকে সেনাবাহিনীর সদস্য ও কর্মকর্তা পরিচয় দিয়ে বিভিন্ন তরুণীর সঙ্গে প্রতারণার অভিযোগ পাওয়া গেছে। এর আগেও একই ধরনের আরও দুটি ঘটনার তথ্য পাওয়া গেছে। এসব বিষয়ে তার স্ত্রীও সাক্ষ্য দিয়েছেন। তিনি বলেন, নিজেকে সরকারি কর্মকর্তা বা সেনাবাহিনীর কর্মকর্তা পরিচয় দেওয়া দণ্ডনীয় অপরাধ। এ কারণে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে জলিলকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

রাজাপুরে গ্রামীণ সড়কের বেহাল

করেন ডা. মাহমুদা আলম মিতু। পরে মঠবাড়ী ইউনিয়নের বিষখালী নদীসংলগ্ন বাদুরতলা গ্রামের ভেঙে যাওয়া বেড়িবাঁধ পরিদর্শন করেন তিনি। পরিদর্শনকালে তিনি সড়কের বর্তমান অবস্থা, নদীভাঙন ও বেড়িবাঁধের ক্ষয়ক্ষতি ঘুরে দেখেন। পাশাপাশি স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে তাদের দুর্ভোগ ও বিভিন্ন সমস্যার কথা শোনেন। স্থানীয়রা জানান, দীর্ঘদিন ধরে গ্রামীণ সড়কগুলোর বেহাল অবস্থায় তাদের চলাচলে দুর্ভোগ পোহাতে হচ্ছে। অন্যদিকে বিষখালী নদীর ভাঙনে বাদুরতলা এলাকার বসতবাড়ি ও বিভিন্ন স্থাপনা ঝুঁকিতে রয়েছে। তারা সড়ক সংস্কার ও নদীভাঙন রোধে কার্যকর উদ্যোগের দাবি জানান। ডা. মাহমুদা আলম মিতু বলেন, ইনসাফের রাজনীতির নীতি অনুযায়ী যেসব এলাকার মানুষ বেশি সমস্যায় রয়েছেন, সেসব এলাকাকে অগ্রাধিকার দিয়ে তিনি পরিদর্শন করছেন। নদীভাঙনকবলিত মানুষের দুর্ভোগ বেশি হওয়ায় তাদের সমস্যাগুলো সরেজমিনে দেখেছেন। রাজাপুরের সড়কের অবস্থা নিয়ে তিনি বলেন, শুক্তাগড় ইউনিয়নে পরিদর্শন করা সড়কগুলোর অবস্থা অত্যন্ত খারাপ। তার দেখা অনুযায়ী, দেশের কোনো উপজেলায় এতটা খারাপ সড়ক পরিস্থিতি তিনি দেখেননি। তিনি আরও বলেন, ঝালকাঠি জেলায় চারজন সংসদ সদস্য রয়েছেন। তাই জেলার মানুষের জন্য কাজ করার সুযোগ রয়েছে। নদীভাঙন ও রাস্তাঘাটের অবস্থা সরেজমিনে দেখে পরবর্তী সময়ে এসব সমস্যা নিয়ে কাজ করার চেষ্টা করবেন। মানুষের চাওয়া-পাওয়া পূরণে কাজ করার নিয়ত রয়েছে এবং এ জন্য আল্লাহর সাহায্য চাইবেন। এ সময় বাংলাদেশ জামায়াতে ইসলামী রাজাপুর উপজেলা শাখার আমির মাওলানা কবির হোসেন, উপজেলা এনসিপির আহ্বায়ক শাহরিয়ার শাকিলসহ স্থানীয় নেতৃবৃন্দ ও গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

নিষেধাজ্ঞার প্রথম দিনে বাকেরগঞ্জে

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মিলটন চন্দ্র পাল ও সহকারী কমিশনার (ভূমি) অভ্র জ্যোতি বড়াল। অভিযানে সার্বিক সহযোগিতা করে বাকেরগঞ্জ থানা-পুলিশের একটি দল। সরকারি নির্দেশনা অনুযায়ী, ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ২২ দিন ইলিশ আহরণ, পরিবহন ও মজুত নিষিদ্ধ রয়েছে। মা ইলিশের প্রজনন নির্বিঘ্ন রাখা এবং ইলিশের উৎপাদন বাড়ানোর লক্ষ্যে এ নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। নিষেধাজ্ঞা কার্যকর রাখতে প্রথম দিন থেকেই মাঠপর্যায়ে অভিযান জোরদার করেছে উপজেলা প্রশাসন। অবৈধ জাল জব্দ ও ধ্বংসের পাশাপাশি আইন অমান্যকারীদের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে।

অক্টোবরের নয় দিনেই

তুলনায় সেপ্টেম্বরে অবস্থার আরও অবনতি ঘটে। প্রাণহানি হয় ১৪৮ জনের। আর চলতি অক্টোবরে এখন পর্যন্ত মৃত্যু হয়েছে ৫০ জনের। এর মধ্যে একদিনে সর্বোচ্চ ১০ জন মারা যান ৬ অক্টোবর। ঢাকা বিভাগের ক্ষেত্রে দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আওতাধীন হাসপাতালে ৮০, উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) আওতাধীন হাসপাতালে ৩৫ ও সিটি করপোরেশনের বাইরে ১৭ জন প্রাণ হারিয়েছেন। সেই সঙ্গে খুলনায় ৬০, চট্টগ্রাম ও বরিশালে ২৫ জন করে, ময়মনসিংহে ২৩, রাজশাহীতে ২১, রংপুরে ছয় ও সিলেটে তিনজন মারা গেছেন। রোগীর মাসভিত্তিক হিসাব মতে, অক্টোবরে এখন পর্যন্ত ১৫ হাজার ৮৩১ জন ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। আগের মাস সেপ্টেম্বরে এই সংখ্যা ছিল ৪৩ হাজার ৭৭৪ জন। এর আগে জানুয়ারিতে এক হাজার ৮১, ফেব্রুয়ারিতে ৪০৯, মার্চে ৩৫৩, এপ্রিলে ৬৪০, মে মাসে ৭১৪, জুনে দুই হাজার ৯০৭, জুলাইয়ে নয় হাজার ২০৬ ও আগস্টে ২০ হাজার ৫৩৬ জন হাসপাতালে আসেন। তাদের মধ্যে ছাড়পত্র পেয়েছেন ৮৯ হাজার ৩৮০ জন।

ডিম দিবস পালিত, পুষ্টিগুণ তুলে

বরিশালের সভাপতি ডা. মো. আরিফুল ইসলাম। বক্তব্য দেন সাধারণ সম্পাদক ডা. সৈয়দ ইমরান ও সহ সভাপতি ডা. মো. আলিফুজ্জামান। বক্তারা বলেন, ডিম পুষ্টিকর ও সহজলভ্য একটি খাদ্য। শরীরের প্রয়োজনীয় প্রোটিনসহ বিভিন্ন পুষ্টি উপাদানের চাহিদা পূরণে ডিম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই ডিমের পুষ্টিগুণ সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা বাড়ানো প্রয়োজন।এছাড়া অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স নিয়ে প্রাণী চিকিৎসকরা গুরুত্বপূর্ন আলোচনা করেন। সভায় ডিম উৎপাদনে খামারিদের লাভের বিষয়টিও আলোচনায় আসে। খামারিরা ডিম উৎপাদন করেও প্রত্যাশা অনুযায়ী লাভ করতে পারছেন না বলে উল্লেখ করা হয়। ডিম উৎপাদন খরচ ও বিক্রয়মূল্যের মধ্যে সামঞ্জস্য নিশ্চিত করা এবং খামারিদের ন্যায্য লাভের সুযোগ তৈরির ওপর গুরুত্ব দেওয়া হয়। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ডা. মো. আবদুর রাকিব মোড়ল, ডা. মো. ওসমান আলী, ডা.আশীষ দাস. ডাঃ মো. তানজিল আহমেদ, ডা. মো. জুনায়তুল ইসলাম, ডা. মো. আমানুল ইসলাম, ডা. আশীষ দাস, ইন্টার্ন চিকিৎসক ডা. ফাহমীদ ও খামারি মো. সিয়ামসহ অন্যরা। আলোচনা সভা শেষে বিশ্ব ডিম দিবস উপলক্ষে সচেতনতামূলক র‍্যালি বের করা হয়।

গৌরনদীতে ১২ লাখ টাকা নিয়ে

এর বিপরীতে একটি ব্ল্যাংক চেক দেন। ২০২৫ সালের ১৮ নভেম্বর চেকটি সোনালী ব্যাংক পিএলসি, মেদাকুল শাখায় জমা দেন তিনি। পরে ২০২৬ সালের ১৫ ফেব্রুয়ারি চেকটি ডিজঅনার হয় বলে দাবি তাঁর। জয়নাল জানান, পাওনা টাকা ফেরত চাইতে একাধিকবার হাসিনা বেগমের কাছে গেলে তাঁকে গালিগালাজ করা হয়। পরে ২০২৬ সালের ১৫ এপ্রিল বরিশালের আদালতে টাকা আদায়ের মামলা করেন তিনি। মামলাটির নম্বর সিআর ১৭৬/২০২৬ (গৌরনদী)। এর দুই মাস পর, ১৫ জুন, আল-আমিন ফকির তাঁর বিরুদ্ধে মানব পাচারের মামলা করেন বলে অভিযোগ জয়নালের। ওই মামলার নম্বর ১৫/২০২৬। তাঁর দাবি, পাওনা টাকা ফেরত না দেওয়ার উদ্দেশ্যেই তাঁকে মামলায় জড়ানো হয়েছে। স্থানীয় বাসিন্দা ও ইতালি প্রবাসী খলিল হাওলাদার জানান, আরিফ ফকির তাঁর কাছে মালামাল পাঠিয়েছেন এবং টাকা ধার চেয়েছিলেন। খলিলের ভাষ্য অনুযায়ী, জয়নাল সরদার আরিফের কাছে টাকা পাবেন বলে তিনি জানতে পেরেছেন। জয়নালের পরিবারের দাবি, তাঁরা মানব পাচারের সঙ্গে জড়িত নন। অন্যদিকে, আল-আমিন ফকির জানিয়েছেন, তাঁর ভাই আরিফ অন্য একজনের মাধ্যমে ইতালিতে গেছেন।

নিখোঁজের দুদিন পর নদীতে

ও স্থানীয় সূত্রে জানা গেছে, গত বুধবার (৭ অক্টোবর) সকাল সাড়ে ১০টার দিকে আমতলী উপজেলার লোচা এলাকার কাছে পায়রা নদীতে ইলিশ ধরার জাল ও সরঞ্জাম তুলতে গিয়ে অসাবধানতাবশত নদীতে পড়ে নিখোঁজ হন ওমর আলী গাজী। এ সময় তাঁর সঙ্গে থাকা অপর জেলে জলিলুর রহমান তাঁকে উদ্ধারের চেষ্টা করেও ব্যর্থ হন। খবর পেয়ে পুলিশ, ফায়ার সার্ভিস ও উপজেলা মৎস্য বিভাগের কর্মকর্তারা যৌথভাবে উদ্ধার অভিযান চালান। তবে ওই সময় তাঁর কোনো সন্ধান পাওয়া যায়নি। নিখোঁজের দুই দিন পর শুক্রবার সকালে তালতলী উপজেলার তেঁতুলবাড়িয়া এলাকার কাছে পায়রা নদীতে একটি মরদেহ ভাসতে দেখেন স্থানীয় জেলেরা। খবর পেয়ে নৌ-পুলিশ স্থানীয়দের সহায়তায় মরদেহটি উদ্ধার করে তীরে নিয়ে আসে। পরে নিখোঁজ ওমর আলী গাজীর স্বজনেরা এসে মরদেহটি শনাক্ত করেন। নিহতের ভাই আক্কেল আলী গাজী বলেন, 'আমার ভাই নিখোঁজ হওয়ার পর থেকেই আমরা নদীর বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করছিলাম। শুক্রবার সকালে খবর পেয়ে তেঁতুলবাড়িয়া এলাকায় আসি। পেটে থাকা অপারেশনের দাগ দেখে মরদেহ শনাক্ত করেছি।' এ বিষয়ে তালতলী নৌ-পুলিশ ফাঁড়ির ইনচার্জ সাগর ভদ্র বলেন, 'উদ্ধার করা মরদেহটি নিখোঁজ জেলে ওমর আলী গাজীর বলে নিশ্চিত হওয়া গেছে। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনার ভিত্তিতে পরবর্তী আইনি ও প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।'

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ১০ অক্টোবর ২০২৬ ॥ ২৫ আশ্বিন ১৪৩৩

সন্দেহের ভিত্তিতে কাউকে বাংলাদেশে ফেরত পাঠানো যাবে না: কলকাতা হাইকোর্ট

কীর্তনখোলা ডেস্ক

শুধুমাত্র সন্দেহের ভিত্তিতে কাউকে বাংলাদেশি হিসেবে চিহ্নিত করে দেশ থেকে বহিষ্কার করা যাবে না বলে মন্তব্য করেছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্য। বৃহস্পতিবার (০৮ অক্টোবর) পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদের ৩ এর পাতায় দেখুন

রেকর্ডের সর্বোচ্চ তীব্রতায় এল নিনো, শীতজুড়ে থাকার পূর্বাভাস

কীর্তনখোলা ডেস্ক

জাপানের আবহাওয়া সংস্থা জানিয়েছে, এল নিনো পরিস্থিতি রেকর্ড করা ইতিহাসের সর্বোচ্চ তীব্রতায় পৌঁছেছে। গত সেপ্টেম্বর মাসে শক্তি আরও বৃদ্ধি পাওয়া এই জলবায়ু পরিস্থিতি উত্তর গোলার্ধের শীতকালজুড়ে অব্যাহত থাকার ৩ এর পাতায় দেখুন

হানিট্র্যাপে ব্যবসায়ীর নগ্ন ভিডিও ধারণ, ছাত্রদল নেতাসহ গ্রেফতার ৩

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় এক ব্যবসায়ীকে হানিট্র্যাপে ফাঁসিয়ে মারধর, নগ্ন ভিডিও ধারণ ও ব্ল্যাকমেইল করে অর্থ আদায়ের অভিযোগে তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতার ব্যক্তিদের একজন ভাণ্ডারিয়া পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সজীব চাপরাশি। এ ঘটনার পর তাকে সংগঠনের সব পদ থেকে বহিষ্কার করেছে জেলা ছাত্রদল। বৃহস্পতিবার (৮ অক্টোবর) বিকেলে ভাণ্ডারিয়া বাজারের রিজার্ভ পুকুরপাড় এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। তারা হলেন ভান্ডারিয়া উপজেলার উত্তর-পূর্ব ভান্ডারিয়ার ফখরুল ইসলাম মিলন চাপরাশির ছেলে ছাত্রদল নেতা সজীব চাপরাশি (২৫), আমজাদ হোসেনের ছেলে মোস্তাফিজুর রহমান রনি (৩৫) এবং এক নারী। পুলিশ সূত্রে জানা গেছে, ভাণ্ডারিয়া বাজার সংলগ্ন রিজার্ভ পুকুরপাড় এলাকায় ইলেকট্রিক ব্যবসায়ী মানবেন্দ্র রায় মুন্নাকে (৩৪) কৌশলে ফাঁদে ফেলা হয়। পরে তাকে ৩ এর পাতায় দেখুন

ডিসেম্বর ঘিরে দেশজুড়ে সাঁড়াশি অভিযান এক মাসে গ্রেফতার ৫৩ হাজার

কীর্তনখোলা ডেস্ক

চলতি বছরের ডিসেম্বরে শেখ হাসিনার দেশে ফেরার ঘোষণাকে কেন্দ্র করে সম্ভাব্য রাজনৈতিক অস্থিরতা ঠেকাতে দেশজুড়ে আইনশৃঙ্খলা বাহিনীর অভিযান জোরদার করা হয়েছে। পুলিশ সদর দপ্তরের তথ্য অনুযায়ী, গত এক মাসে সারা দেশে ৫৩ হাজার মানুষকে গ্রেফতার করা হয়েছে। তাদের বড় একটি অংশ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মী। চলতি মাসের প্রথম ছয় দিনেই প্রায় ১০ হাজার মানুষকে গ্রেফতার করা হয়েছে। রাজধানী ঢাকায় প্রতিদিন গড়ে প্রায় ৫০০ জনকে আইনের আওতায় আনা হচ্ছে। বুধবার ঢাকা মেট্রোপলিটন পুলিশ ৪৬৫ জনকে গ্রেফতারের তথ্য জানিয়েছে। আইনশৃঙ্খলা বাহিনী সূত্রে জানা গেছে, আত্মগোপনে থেকে দলীয় কার্যক্রম পরিচালনা ৩ এর পাতায় দেখুন

গঠনমূলক সমালোচনা করে দেশকে এগিয়ে নিতে চাই: মাসুদ সাঈদী

পিরোজপুর প্রতিনিধি

বিরোধী দলে থেকেও ছায়া সরকার হিসেবে গঠনমূলক সমালোচনার মাধ্যমে বাংলাদেশকে বিশ্বে মাথা উঁচু করে দাঁড় করাতে চান বলে জানিয়েছেন পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য মাসুদ সাঈদী। শুক্রবার (৯ অক্টোবর) সকালে পিরোজপুর টাউন মাধ্যমিক বিদ্যালয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামী পিরোজপুর জেলা শাখার রুকন সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মাসুদ সাঈদী বলেন, জামায়াতে ইসলামী উন্নয়নমূলক ও গঠনমূলক রাজনীতির মাধ্যমে দেশকে এগিয়ে নিতে চায়। দলের আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিতে বিভিন্ন কর্মসূচি দিচ্ছেন। পিরোজপুরে সন্ত্রাস ও চাঁদাবাজির উত্থানের কথা উল্লেখ করে তিনি বলেন, 'পিরোজপুরের মাটিতে নতুন করে আউয়াল মালেক সৃষ্টি হতে দেওয়া হবে না।' পিরোজপুরের মানুষকে সঙ্গে নিয়ে সমৃদ্ধ পিরোজপুর ও বাংলাদেশ গড়তে কাজ করছেন বলেও জানান তিনি। জেলা জামায়াতের ভারপ্রাপ্ত ৩ এর পাতায় দেখুন

বাউফলে অ্যাপ্রোচ সড়কের অভাবে কাজে আসছে না ছয় সেতু

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে প্রায় ৩ কোটি ৫৪ লাখ টাকা ব্যয়ে নির্মিত ৬ সেতুর মূল কাঠামোর কাজ শেষ হলেও অ্যাপ্রোচ সড়ক, ইটের সোলিং ও রঙের কাজ এখনো শেষ হয়নি। ফলে এসব সেতু দিয়ে যানবাহন চলাচল করতে পারছে না। সরকারি অর্থ ব্যয় হলেও কাঙ্ক্ষিত সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন স্থানীয়রা। ছয়টি সেতুর মধ্যে একটির উইং দেয়াল ধসে পড়েছে। কোথাও অ্যাপ্রোচ সড়কে মাটি ভরাট হয়নি, আবার কোথাও ইটের সলিং ও রঙের কাজ অসম্পূর্ণ রয়েছে। এর মধ্যে একটি সেতুর কাজ নির্ধারিত সময়ের ১ বছর ৯ মাস পরও শেষ হয়নি। জানা গেছে, ২০২৫-২০২৬ অর্থবছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সেতু ৩ এর পাতায় দেখুন

নিখোঁজের দুদিন পর নদীতে মিললো জেলের মরদেহ

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলীতে ট্রলার থেকে পায়রা নদীতে পড়ে নিখোঁজ হওয়ার দুই দিন পর জেলে মো. ওমর আলী গাজীর (৫৫) মরদেহ উদ্ধার করেছে নৌ-পুলিশ। শুক্রবার (৯ অক্টোবর) সকাল ৯টার দিকে তালতলী উপজেলার নিশানবাড়িয়া ইউনিয়নের তেঁতুলবাড়িয়া এলাকার কাছে পায়রা নদী থেকে তাঁর মরদেহ উদ্ধার করা হয়। ওমর আলী গাজী আমতলী পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের লোচা এলাকার মৃত আব্দুল হাকিম গাজীর ছেলে। নৌ-পুলিশ ৩ এর পাতায় দেখুন

পটুয়াখালীতে শহীদ ওসমান হাদি হত্যার বিচারের দাবিতে 'মার্চ ফর হাদি'

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীতে শহীদ শরীফ ওসমান হাদি হত্যার বিচার ডিসেম্বরের মধ্যে নিশ্চিত করা, গণভোটের গণরায়ের আলোকে জুলাই সনদ বাস্তবায়ন এবং শাপলা, পিলখানা ও জুলাই গণহত্যার বিচারের দাবিতে 'মার্চ ফর হাদি' কর্মসূচি পালন করেছেন শিক্ষার্থীরা। আধিপত্যবাদবিরোধী আন্দোলনের শহীদ শরীফ ওসমান হাদি হত্যার সুস্পষ্ট বিচার নিশ্চিত করার দাবিতে পটুয়াখালীতে 'মার্চ ফর হাদি' কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (৯ অক্টোবর ২০২৬) বিকেল ৫টায় পটুয়াখালীর ঝাউতলায় হৃদয় তরুয়া চত্বরে সাধারণ সচেতন শিক্ষার্থীবৃন্দ, পটুয়াখালীর উদ্যোগে এ কর্মসূচির আয়োজন করা হয়। শহীদ শরীফ ওসমান হাদি হত্যার বিচারের দাবিতে আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণকারীরা ঝাউতলা থেকে একটি মিছিল বের করেন। মিছিলটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে বনানীতে গিয়ে সমাবেশের মাধ্যমে শেষ হয়। এ সময় অংশগ্রহণকারীরা শহীদ শরীফ ওসমান হাদি হত্যার সুষ্ঠু ও দ্রুত বিচার নিশ্চিত করার দাবি জানান। কর্মসূচিতে উপস্থিত ছিলেন ছাত্র নেতা তোফাজ্জেল হোসেন, মোঃ কাওছার ৩ এর পাতায় দেখুন

ডিম দিবস পালিত, পুষ্টিগুণ তুলে ধরলেন ভেটেরিনারি চিকিৎসকরা

কীর্তনখোলা রিপোর্ট

ডিমের পুষ্টিগুণ সম্পর্কে জনসচেতনতা বাড়ানো এবং মানুষের দৈনন্দিন খাদ্যতালিকায় ডিমের গুরুত্ব তুলে ধরতে বরিশালে বিশ্ব ডিম দিবস পালিত হয়েছে। শুক্রবার (৯ অক্টোবর) সকালে নগরীর সিঅ্যান্ডবি রোডে প্রাইভেট ভেটেনারি অ্যাসোসিয়েশন (পিভিএ), বরিশালের অস্থায়ী কার্যালয়ে এ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পরে একটি র‍্যালি বের করা হয়। এ বছর বিশ্ব ডিম দিবসের প্রতিপাদ্য ছিল 'প্রোটিন দ্যাট পাওয়ার্স অ্যান্ড প্রোটেক্টস', যার বাংলা অর্থ 'পুষ্টি যা শক্তি জোগায়, সুরক্ষা দেয়'। আলোচনা সভায় সভাপতিত্ব করেন প্রাইভেট ভেটেনারি অ্যাসোসিয়েশন ৩ এর পাতায় দেখুন

অক্টোবরের নয় দিনেই ডেঙ্গুতে ৫০ মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

দেশে এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে আরও একজন মারা গেছেন। এ নিয়ে চলতি অক্টোবরের প্রথম ৯ দিনে ৫০ জনের মৃত্যু হলো। আর এ বছর মোট মারা গেলেন ২৯৫ জন। এছাড়া হাসপাতালে নতুন রোগী ভর্তি হয়েছেন এক হাজার ৩০০ জন। এর ফলে এবার মোট ভর্তি হলেন ৯৫ হাজার ৪৫১ জন। শুক্রবার (৯ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ডেঙ্গু-সংক্রান্ত ড্যাশবোর্ড থেকে এ তথ্য জানা গেছে। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, নতুন মারা গেছে একজন ছেলে শিশু। ওর বয়স শূন্য থেকে পাঁচ বছরের মধ্যে। মোট মারা যাওয়া ব্যক্তিদের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, ২৯৫ জনের মধ্যে নারী ৫১ দশমিক ৯ শতাংশ এবং পুরুষ ৪৮ দশমিক ১ শতাংশ। মাসের হিসাব অনুযায়ী, জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে, মার্চ ও এপ্রিলে শূন্য, মে মাসে এক ও জুনে ১৩ জন প্রাণ হারান। এরপর পরিস্থিতির অবনতি হতে থাকে। জুলাইয়ে ৩৬ এবং আগস্টে ৪৩ জন মারা যান। সেই ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে গ্রামীণ সড়কের বেহাল অবস্থা দেখে এমপি মিতুর ক্ষোভ

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে গ্রামীণ সড়কের বেহাল অবস্থা দেখে ক্ষোভ প্রকাশ করেছেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ও জাতীয় নারী শক্তির সদস্য সচিব ডা. মাহমুদা আলম মিতু। সরেজমিনে পরিদর্শন করা সড়কগুলোর অবস্থা দেশের অন্য কোনো উপজেলার তুলনায় এত খারাপ দেখেননি বলে মন্তব্য করেছেন তিনি। বৃহস্পতিবার (৮ অক্টোবর) বিকেলে উপজেলার শুক্তাগড় ইউনিয়নের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও গ্রামীণ সড়ক পরিদর্শন ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে ১২ লাখ টাকা নিয়ে বিরোধে মানবপাচার মামলা

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদীতে ১২ লাখ টাকা লেনদেনকে কেন্দ্র করে জয়নাল সরদারের বিরুদ্ধে মানব পাচারের মামলা দায়েরের অভিযোগ উঠেছে। জয়নালের দাবি, পাওনা টাকা আদায়ে আদালতে মামলা করার দুই মাস পর আরিফ ফকিরের বড় ভাই আল-আমিন ফকির তাঁর বিরুদ্ধে এ মামলা করেন। উপজেলার খান্‌জাপুর ইউনিয়নের সমরসিংহ গ্রামের বাসিন্দা জয়নাল সরদারের অভিযোগ, তাঁর শ্যালিকা হাসিনা বেগম তাঁর কাছ থেকে ১২ লাখ টাকা নেন এবং ৩ এর পাতায় দেখুন

নিষেধাজ্ঞার প্রথম দিনে বাকেরগঞ্জে ১০ হাজার মিটার কারেন্ট জাল জব্দ

বাকেরগঞ্জ প্রতিনিধি

মা ইলিশ রক্ষায় ২২ দিনের সরকারি নিষেধাজ্ঞা কার্যকরের প্রথম দিনেই তৎপর হয়েছে বরিশালের বাকেরগঞ্জ উপজেলা প্রশাসন। অভিযানে প্রায় ১০ হাজার মিটার কারেন্ট জাল ও ২৬টি চায়না দুয়ারি জাল জব্দ করে ধ্বংস করা হয়েছে। এ সময় একজনকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। শুক্রবার (৯ অক্টোবর) দুপুরে উপজেলার ফরিদপুর, দুধল, সরসী ও দুর্গাপাশা ইউনিয়নসংলগ্ন কারখানা এবং তেঁতুলিয়া নদীতে এ অভিযান পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন ৩ এর পাতায় দেখুন

দেশ থেকে বিদায় নিচ্ছে মৌসুমি বায়ু

কীর্তনখোলা ডেস্ক

দেশের পশ্চিমাঞ্চল থেকে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু বিদায় নিয়েছে। আগামী ২৪ ঘণ্টার মধ্যে দেশের অন্যান্য অঞ্চল থেকেও মৌসুমি বায়ু বিদায় নিতে পারে। তবে এর মধ্যেও আজ শনিবার দেশের বিভিন্ন অঞ্চলে বৃষ্টি ও বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। একই সঙ্গে কোথাও কোথাও হতে পারে মাঝারি ধরনের ভারী বর্ষণ। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী, ১১ অক্টোবর থেকে দেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। শুক্রবার (৯ অক্টোবর) সকাল ৯টা থেকে পরবর্তী ১২০ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে এসব তথ্য জানানো হয়েছে। পূর্বাভাস অনুযায়ী, আজ শনিবার রংপুর বিভাগের অনেক জায়গায় বৃষ্টি হতে পারে। রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু-এক জায়গায়ও অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। রংপুর বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে। এদিন সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। রোববার ৩ এর পাতায় দেখুন

টিকটকে 'সেনাসদস্য' পরিচয়ে প্রেম, হোটেল থেকে জেলে আটক

কুয়াকাটা প্রতিনিধি

পটুয়াখালীর কুয়াকাটায় টিকটকে নিজেকে সেনাসদস্য পরিচয় দিয়ে একাধিক তরুণীর সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে তোলার অভিযোগে আব্দুল জলিল (২২) নামে এক যুবককে আটক করেছে পুলিশ। পরে ভ্রাম্যমাণ আদালত তাকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন। বুধবার (৮ অক্টোবর) সন্ধ্যায় কুয়াকাটার একটি আবাসিক হোটেল থেকে তাকে আটক করা হয়। দণ্ডপ্রাপ্ত জলিল কুয়াকাটা পৌরসভার ২ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। পেশায় তিনি একজন জেলে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, টিকটকে সেনাবাহিনীর পোশাক পরা ছবি ব্যবহার করে নিজেকে সেনাসদস্য পরিচয় ৩ এর পাতায় দেখুন



প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com